

তদন্তের গতিপ্রকৃতি খতিয়ে দেখতে আরজি কর-এ সিপি!



দুরন্ত বার্তা, কলকাতা, ১১ আগস্ট : আরজিকরের নারকীয় হত্যাকাণ্ডের সরোজমিন তদন্তে ফের হাসপাতালে এল কলকাতা পুলিশের বিশেষ তদন্তকারী দল। সূত্রের খবর, রবিবার বিকেলে চারতলার সেমিনারের হলের ঘটনাস্থল ফের পরিদর্শন করেন তদন্তকারীরা। নেতৃত্বে রয়েছেন কলকাতা পুলিশ কমিশনার বিনীত গোয়েলা। জানা যাচ্ছে, বিনীতের পাশাপাশি ঘটনাস্থলে রয়েছেন কলকাতা পুলিশের পদস্থ কর্তারা। তদন্তের গতিপ্রকৃতি জানতে আরজিকরের মধ্যে বৈঠকে বসেছেন পুলিশ কমিশনার। গত বৃহস্পতিবার মধ্য রাতে আরজিকরের চারতলার সেমিনার হলে নৃশংসভাবে হত্যা করা হয় মেডিকেলের ছাত্রীকে। পুলিশ সূত্রের খবর,, ময়নাতদন্তের রিপোর্টে খুন ও ধর্ষণের নমুনা মিলেছে। তবে ধর্ষণের পর খুন নাকি খুনের পর ধর্ষণ? এবিষয়ে পুলিশ এখনও নিশ্চিত করে কিছু বলেনি। সূত্রের খবর, এবিষয়ে নিশ্চিত হতে পারিপার্শ্বিক তথ্যপ্রমাণ ও ময়নাতদন্তের রিপোর্ট মিলিয়ে দেখতে চাইছেন তদন্তকারীরা। জানা যাচ্ছে, এ ব্যাপারে আগামীকাল সোমবার ময়নাতদন্তের সঙ্গে যুক্ত চিকিৎসকদের নিয়ে বৈঠকে বসবেন সিটের সদস্যরা। একইসঙ্গে পারিপার্শ্বিক তথ্যপ্রমাণ খতিয়ে দেখতে এদিন ফের ঘটনাস্থলে পৌঁছেছেন তদন্তকারীরা। একই সঙ্গে সেই রাতে যারা ডিউটিতে ছিল আলাদা করে তাঁদেরকেও জিজ্ঞাসাবাদ শুরু করেছেন তদন্তকারীরা। ময়নাতদন্তের প্রাথমিক রিপোর্ট থেকে পুলিশের অনুমান, রাত ৬ টে থেকে ভোর ৬টার মধ্যে খুনের ঘটনাটি ঘটে থাকতে পারে। পুলিশের একটি সূত্র জানাচ্ছে, ছাত্রীর কলার বোন ভাণ্ডা রয়েছে। এছাড়াও দেহে একাধিক আঘাতের চিহ্ন রয়েছে। যা থেকে পুলিশের একাংশের অনুমান, হতে পারে গলা টিপে মারা হয়েছে জুনিয়র মহিলা চিকিৎসককে। গলা এত জোরে টেপা হয়েছে যে কলার বোন ভেঙেছে। মৃত্যু আরও সুনিশ্চিত করার জন্য এরপর শ্বাসরোধ করে ওই জুনিয়র মহিলা চিকিৎসককে হত্যা করা হয়েছে বলেও ময়নাতদন্তের প্রাথমিক রিপোর্টে ইঙ্গিত করা হয়েছে বলে সূত্রের দাবি। প্রসঙ্গত, ডাক্তারি পড়ুয়া ও জুনিয়র ডাক্তারদের একাংশও দাবি করেছেন, হাসপাতালের ছাত্ররই ধর্ষণ করে খুন করা হয়েছে ওই ছাত্রীকে। যে সেমিনার হল থেকে ছাত্রীর দেহ উদ্ধার হয়েছে সেখানে সিসিটিভি ক্যামেরা না থাকলেও সংশ্লিষ্ট হলের আশেপাশে অনেকগুলি সিসিটিভি রয়েছে। ইতিমধ্যে সেই সিসি ক্যামেরার ফুটেজ সংগ্রহ করে খতিয়ে দেখছেন অফিসাররা।

‘দেশবিরোধী শক্তি’ প্রসঙ্গে সাবধান করলেন উপরাষ্ট্রপতি



নয়াদিল্লি, ১১ আগস্ট : ‘বাংলাদেশের মতো পরিস্থিতি ভারতেও তৈরি হবে।’ এমনই মন্তব্য করে দেশজুড়ে বিতর্ক তৈরি করেছিলেন প্রাক্তন কংগ্রেস সাংসদ সলমন খুরশিদ। নাম না করে তাঁর সেই মন্তব্যের তীব্র সমালোচনা করলেন দেশের উপরাষ্ট্রপতি জগদীপ ধনকড়া। ‘দেশবিরোধী শক্তি’ নিয়ে সাবধান করে দেওয়ার পাশাপাশি ‘সত্যক হওয়ার রামার্মশ’ দিলেন তিনি। যোধপুরে রাজস্থান হাইকোর্টের প্রাণীনিম জুবিলি অনুষ্ঠানে উপস্থিত হয়েছিলেন উপরাষ্ট্রপতি জগদীপ ধনকড়। তিনি বলেন, ‘কোনও কোনও ব্যক্তি ভারত ও তার প্রতিবেশী দেশের মধ্যে তুলনা টানার চেষ্টা চালাচ্ছে। আপনারা সাবধান থাকুন। এমন একটা ন্যারেটিভ ছড়ানোর চেষ্টা করা হচ্ছে যে আমাদের প্রতিবেশী দেশে যা হয়েছে ভারতেও তা হতে পারে। এই ধরনের মন্তব্য অত্যন্ত উদ্বেগজনক।’ এর পর নাম না করে খুরশিদের সমালোচনা করে ধনকড় বলেন, ‘একজন নাগরিক, প্রাক্তন সাংসদ, যিনি বৈদেশিক সম্পর্ক অনেকটা দেখেছেন, তিনি এমন কথা কীভাবে বলতে পারেন যে প্রতিবেশী দেশে যা চলছে তা ভারতেও হতে পারে!’ একইসঙ্গে ধনকড় বলেন, দেশবিরোধী শক্তিগুলি তাঁদের কর্মকাণ্ড আড়াল করতে বা বৈধ করতে আমাদের সাংবিধানিক প্র্যুটিকর্মগুলিকে ব্যবহার করছে। তবে যে কোনো পরিস্থিতিতে জাতীয় স্বার্থই যে কোনও। এটি আমাদের প্রধান অগ্রাধিকার, একমাত্র অগ্রাধিকার। যে কোনও কিছুই আগে দেশকে অগ্রাধিকার দিতে আমরা প্রতিশ্রুতিবদ্ধ। সংবিধানের প্রবর্তা করে রাজসভার চেয়ারম্যান আরও বলেন, সংসদ তাঁদের সিদ্ধান্তকে চাপিয়ে দিতে পারে না, একইভাবে বিচার বিভাগ আইন তৈরি করতে পারে না বা নির্দেশ দিতে পারে না যা আইনের বাইরে। ফলে সংবিধানে সব প্রতিষ্ঠানের কাজ সুস্পষ্টভাবে উল্লেখ করা হয়েছে। একটি সাংবিধানিক প্রতিষ্ঠান যদি অন্য প্রতিষ্ঠানের ভূখণ্ড দখল করে তবে তা বিপজ্জনক। উল্লেখ্য, সম্প্রতি এক অনুষ্ঠানে বক্তব্য রাখতে গিয়ে কংগ্রেস নেতা সলমন খুরশিদ বলেন, ‘খালি চোখে কাশ্মীরে সবকিছু স্বাভাবিক বলে মনে হচ্ছে। এখানেও সবকিছু স্বাভাবিক। আমরা জয়ের উৎসবে মেতে। তবে কিছু মানুষ মনে করেন এই জয় অতি সামান্যই। অনেক কিছু করার প্রয়োজন রয়েছে।’ তিনি আরও বলেন, ‘দাঁড়িত সবকিছু স্বাভাবিক দেখায়। কিন্তু মাটির নিচে অনেক কিছু ঘটে। বাংলাদেশে যা হচ্ছে তা এখানে এই দেশেও ঘটতে পারে।’ খুরশিদের সেই মন্তব্য প্রকাশে আসার পর ব্যাপক বিতর্ক শুরু হয়। কড়া সূরে বিজেপির তরফে পাণ্টা তোপ দেগে বলা হয়, ‘মোদিগে ঘৃণা করতে করতে এরা দেশকে ঘৃণা করতে শুরু করেছে। এবার নাম না করে খুরশিদকে তোপ ধনকড়ের।

ভারত থেকে বার্তা হাসিনার

দুরন্ত বার্তা, কলকাতা, ১১ আগস্ট : দেশত্যাগ করেছেন প্রায় এক সপ্তাহ হতে চলল। এবার ভারত থেকেই নিজের দলের সমর্থকদের জন্য বার্তা দিলেন প্রাক্তন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। এদিন তাকে ক্ষমতাচ্যুত করার পেছনে আমেরিকাকেই কাঠগড়ায় তুলেছেন। রবিবার একটি সংক্ষিপ্ত বক্তৃতায় একথা জানান দেশত্যাগী প্রধানমন্ত্রী। বর্তমানে দিল্লির কোনও এক অজ্ঞাতস্থানে রয়েছেন তিনি। সেখান থেকে এদিন তিনি বলেন, আমি ক্ষমতায় থেকে যেতে পারতাম, যদি আমি আমেরিকা হাতে সেন্ট মার্টিন আইল্যান্ড ও বঙ্গোপসাগর তুলে দিতাম। হাসিনার এই বিবৃতি সামনে আসতেই নড়েচড়ে বসে কূটনৈতিক মহলা হাসিনা আরও বলেন, দেশের সার্বভৌমত্বে আপস না করার জন্যই আমাকে ক্ষমতাচ্যুত করা হয়েছে। এদিন এই বার্তা পেয়েই উত্তেজিত হয়ে পড়েন আওয়ামী সমর্থকেরা। তবে দেশের বাইরে থেকেই ফের নিজের দেশে প্রাসঙ্গিক হয়ে উঠতে ‘ভিকটিম কার্ড’ খেলতে চাইছেন হাসিনা। প্রশ্ন উঠছে এমনই।

তরুণী চিকিৎসকের যৌন হেনস্তা-খুনের ঘটনায়

অপসারিত আর জি কর

হাসপাতালের সুপার

দুরন্ত বার্তা, কলকাতা, ১১ আগস্ট : হাসপাতালে কর্তব্যরত অবস্থায় তরুণী চিকিৎসককে যৌন হেনস্তার পর খুনের জের। আর জি কর হাসপাতালের সুপারকে সরিয়ে দেওয়া হল। বিশেষ সূত্রে জানতে পারা গিয়েছে, সুপার সঞ্জয় বশিষ্ঠের বদলে আপাতত দায়িত্ব সামলাবেন ডাঃ বুলবুল মুখোপাধ্যায়, যিনি হাসপাতালের ডিন এবং এই ঘটনায় গঠিত ১১ সদস্যের তদন্ত কমিটির অন্যতম। যদিও আদোলনকারীদের দাবি ছিল, সরাতে হবে প্রিন্সিপালকে। তার বদলে সুপারকে সরিয়ে আদোলনের বাঁজ কমাতে উদ্যোগী হল কর্তৃপক্ষ। এদিকে, আর জি কর কাণ্ডে রাজ্যের অন্যান্য মেডিক্যাল কলেজ ও হাসপাতালে চিকিৎসকদের কর্মবিরতিতে বিপাকে রোগীরা। অনেকেই চিকিৎসা না পেয়ে ফিরছেন। তা রুখতে রবিবার স্বাস্থ্য-শিক্ষা অধিকর্তা নির্দেশ জারি করেছেন, অবিলম্বে সমস্ত চিকিৎসককে কাজে যোগ দিতে হবে। ব্লক, জেলা, সদর সমস্ত স্তরের হাসপাতালের আউটপেটের চালু করতে হবে। সকলকে কাজে যোগ দেওয়ানোর দায়িত্ব এমনএসডিপি অর্থাৎ মেডিক্যাল সুপারের। যদিও রেসিডেন্স ডক্টরস অ্যাসোসিয়েশনের তরফে রবিউল ইসলাম জানিয়েছেন, এই নির্দেশ তাঁরা মানবেন না। পে রোলে থাকা সব চিকিৎসক কর্মবিরতি চালিয়ে যাবেন। আর জি কর হাসপাতালের ঘটনার রেশ এবার আছড়ে পড়ল দেশজুড়ে।



সর্বভারতীয় ফেডারেশন অফ ডক্টরস অ্যাসোসিয়েশনের সোমবার থেকে বিক্ষোভ কর্মসূচি গ্রহণ করছে। রেসিডেন্স ডক্টরস অ্যাসোসিয়েশনও দেশজুড়ে বিক্ষোভের ডাক দিয়েছে। তাদের তরফে প্রধানমন্ত্রী, কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী ও স্বাস্থ্যমন্ত্রীকে চিঠি দেওয়া হবে বলে খবর। তাদের বক্তব্য, স্বাস্থ্য-শিক্ষা যৌথ দায়িত্বের বিষয়। তাই আর জি করের মতো ঘটনার দায় এড়াতে পারে না কেন্দ্রও। দেশের প্রতিটি হাসপাতালের চিকিৎসক সাসপেন্ড করল যথাযথ নিরাপত্তা দেওয়ার দাবিতে সোচ্চার হতে চলেছে চিকিৎসক সংগঠনগুলি। এনিয়ে ইতিমধ্যেই বিজেপি সর্বভারতীয় সভাপতি জেপি নাড্ডাকে চিঠি পাঠিয়ে রাজ্যের সরকারি হাসপাতালগুলি পরিদর্শনের অনুরোধ জানিয়েছেন

বঙ্গ বিজেপি সভাপতি সুকান্ত মজুমদার। আর জি কর হাসপাতালে কর্তব্যরত অবস্থায় তরুণী চিকিৎসককে ধর্ষণ করে খুনের অভিযোগ ইতিমধ্যেই প্রেক্ষতার এককল্প। ঘটনা ঘিরে উচ্চ পর্যায়ের তদন্ত চললেও, হাসপাতালের অভ্যন্তরে নিরাপত্তা নিয়ে গোড়া থেকে প্রশ্ন উঠেছে। তরুণী চিকিৎসককে খুনের ঘটনার দুই দিন পর রবিবার আরজি কর মেডিক্যাল কলেজের দুই নিরাপত্তারক্ষীকে সাসপেন্ড করল হাসপাতাল কর্তৃপক্ষ। রবিবার চেষ্ট মেডিসিন বিভাগের দায়িত্বে থাকা দুই নিরাপত্তারক্ষীকে সাসপেন্ড করা হয়েছে। বৃহস্পতিবার রাতে তাঁরাই দায়িত্বে ছিলেন। সেই রাতেই তরুণী চিকিৎসককে চারতলায় সেমিনার হলে ধর্ষণ

করে খুনের অভিযোগ উঠেছে। নিরাপত্তারক্ষী থাকা সঙ্গেও কীভাবে অভিযুক্ত হাসপাতালে ঢুকল এবং চারতলা পর্যন্ত উঠল, তা ঘিরে শুরু থেকেই প্রশ্ন ছিল। চাপের মুখে দুইজনকে সাসপেন্ড করা হল। পাশাপাশি হাসপাতালের অভ্যন্তরে আরও সিসিটিভি ক্যামেরা লাগানোর কাজ শুরু হয়েছে আজ। যে সব জায়গায় সিসি ক্যামেরা নেই, সেখানে নতুন করে লাগানো হচ্ছে। যেগুলো দীর্ঘদিন ধরে কাজ করছিল না, সেগুলো মেরামত করা হচ্ছে। রবিবার সকালেও আরজি কর হাসপাতালে বাড়তি পুলিশ মোতায়েন রয়েছে ব্যারিকেড। শনিবারও বাইরের আদোলনকারীদের সঙ্গে পুলিশের ধমুধামিতে রণক্ষেত্র হয়ে ওঠে হাসপাতাল চত্বর।

দেশজুড়ে কর্মবিরতিতে চিকিৎসক সংগঠন

দুরন্ত বার্তা, কলকাতা, ১১ আগস্ট : দেশজুড়ে আছড়ে পড়তে চলেছে আর জি কর হাসপাতালে তরুণী চিকিৎসকের উপর যৌন হেনস্তা ও খুনের ঘটনার রেশ। এই ঘটনার সুবিচারের দাবিতে সোমবার থেকে কর্মবিরতির ডাক দিয়েছে ফেডারেশন অফ রেসিডেন্ট ডক্টরস অ্যাসোসিয়েশন। পাঁচ দফা দাবি জানিয়ে অনিদিষ্টকালের জন্য কর্মবিরতিতে নামতে চলেছেন সংগঠনের সদস্যরা। এই মর্মে বিজ্ঞপ্তিও জারি হয়েছে। অন্যদিকে, আর জি কর হাসপাতালের সুপারকে অপসারণের পরও আদোলনের আঁচ কমছে না। দলমত নির্বিশেষে ছাত্র সংগঠনগুলোর দাবি, প্রিন্সিপালকে সরাতে হবে। অন্যথায় তাঁরা কেউ কাজ করবেন না। এসএফআই-সহ আর জি কর মেডিক্যাল কলেজ ও হাসপাতালের একাধিক ছাত্র সংগঠন দলমত নির্বিশেষে এই ইস্যুতে এককট্রা হয়েই প্রতিবাদে সর্বব। রবিবার সুপার সঞ্জয় বশিষ্ঠকে তারানোর পরও নিজেদের দাবি থেকে একচুল সরেননি আদোলনকারীরা। জুনিয়র চিকিৎসকদের দাবি, সুপারের অপসারণ চোখে ধুলো দেওয়া। প্রিন্সিপাল সন্দীপ ঘোষকে সরাতে হবে। তার সময়েই যত কেলেঙ্কারি ঘটেছে। বিচারবিভাগীয় তদন্তের দাবি, সিসিটিভি ফুটেজ প্রকাশ্যে আনা-সহ চার দফা লিখিত দাবিপত্রে তাঁরা জানিয়েছেন, ক্ষমা চেয়ে পদত্যাগ করতে হবে হাসপাতালের প্রিন্সিপাল, চেষ্ট এবং ফুসফুসের চিকিসা বিভাগের প্রধানকে। ১২ ঘণ্টার সময়সীমা বেঁধে দেওয়া হয়েছে। এই দাবি পূরণ না হওয়া পর্যন্ত তাঁরা কর্মবিরতি চালিয়ে যাবেন বলে সাফ জানিয়েছেন। তাঁদের এই কর্মসূচিতে সারাজির বিশিষ্টজনদের শামিল হওয়ার আহ্বানও জানিয়েছেন।

বিহার বিধানসভায় ক্ষমতায় এলে ‘মদ সংক্রান্ত নিষেধাজ্ঞা তুলবে, প্রতিশ্রুতি পিকের

পাটনা, ১১ আগস্ট : ক্ষমতায় এলে ‘ড্রাই স্টেট’ বিহার থেকে মদ সংক্রান্ত নিষেধাজ্ঞা তুলে নেন, ভোটের নামার আগেই প্রতিশ্রুতি দিলেন প্রশান্ত কিশোর। ভোটকুশলী থেকে রাজনীতিক হয়ে ওঠা প্রশান্ত তৈরি করেছেন রাজনৈতিক দল জন সুরভা। বিহারের বিধানসভা নির্বাচনই হবে দলের প্রথম পরীক্ষা। তার আগেই বড় প্রতিশ্রুতি দিলেন প্রশান্তভোটকুশলী আগেই ঘোষণা দিয়েছেন, ২ অক্টোবর মহাশ্মা গান্ধীর জন্মদিবসে তাঁর নতুন দল পথ চলা শুরু করবে। পাশাপাশি লালু-নীতীশমুক্ত বিহার গড়ার অঙ্গীকারও করেছেন তিনি। জানিয়েছেন, ‘জন সুরজে’র প্রধান লক্ষ্য হবে প্রথমত, যে কোনও প্রকারে বিহার থেকে পরিযায়ী শ্রমিকদের অন্য রাজ্যে যাওয়া বন্ধ করা। দ্বিতীয়ত, বিহারকে সে রাজ্যের দুই প্রধান রাজনীতিক

লালুপ্রসাদ যাদব এবং নীতীশ কুমারের শাসন থেকে মুক্ত করা।



ভোটকুশলী থেকে রাজনীতিবিদ হয়ে ওঠা প্রশান্তের বক্তব্য, ২ অক্টোবর কোনও দল গঠিত হচ্ছে না। বরং বিহারের এক কোটি মানুষ

তাঁদের সন্তানদের ভবিষ্য নির্ধারণ করতে একজোট হচ্ছেন। এদিন


প্রত্যাহার করা হবে। পিকে আরও দাবি করেছেন, মদে নিষেধাজ্ঞা জারি করে সরকারের কোনও লাভ হয়নি। বরং ক্ষতি হয়েছে। নিষেধাজ্ঞা জারির নামে নীতীশের দল গান্ধীজিকে নিয়ে অগপ্রচার চালিয়েছে বলেও অভিযোগ করেন তিনি। প্রশান্ত কিশোর বলেন, নীতীশ কুমার এবং তাঁর অনুগামীরা বলছেন যে গান্ধীজি এই কথা ‘মদ নিষিদ্ধ করা’ বলেছেন। আমি দু’বছর ধরে বলে আসছি, এখনও বলছি গান্ধীজি যদি কোথাও বলে থাকেন যে সরকার একটি আইন করে মদ নিষিদ্ধ করুক, আমাকে একথা দেখাতে পারলে আমি নীতীশ কুমারের পা স্পর্শ করে ক্ষমা চাইব। প্রশান্ত কিশোর আর দাবি করেছেন, ২০২৫ সালে বিহারে বিধানসভা নির্বাচনে নীতীশ কুমারের জেডিউই ২০টি আসন পাবে না।

ভোটকুশলী জানান, ক্ষমতায় এলে এক ঘণ্টার মধ্যে আবগারি নীতির বদলে ফেলা হবে। বিহারে মদের উপরে যে নিষেধাজ্ঞা রয়েছে, তা

‘অত্যন্ত দুর্ভাগ্যজনক’

আরজি কর কাণ্ডে দোষীর বিরুদ্ধে কড়া পদক্ষেপের সওয়াল সৌরভের

দুরন্ত বার্তা, কলকাতা, ১১ আগস্ট : আর জি কর হত্যাকাণ্ড নিয়ে তোলাপাড় গোটা বাংলা। এবার এই ইস্যুতে মুখ খুললেন সৌরভ গঙ্গোপাধ্যায়। বললেন, এটা অত্যন্ত দুর্ভাগ্যজনক। তবে ভারত এবং বাংলা মহিলাদের জন্য নিরাপদ। তা সঙ্গেও এরকম কোনও ঘটনা যেন না ঘটে তা নিশ্চিত করতে নিরাপত্তা আরও বাড়াতে হবে। দোষীর বিরুদ্ধে কড়া পদক্ষেপের পক্ষেও সওয়াল করলেন তিনি। আর জি কর কাণ্ডে উত্তাল গোটা বাংলা। রাজ্যের অন্যান্য মেডিক্যাল কলেজ ও হাসপাতালে চিকিৎসকরা কর্মবিরতিতে। যার জেরে প্রবল সমস্যায় পড়তে হচ্ছে রোগীদের। আর জি কর হাসপাতালের সুপারকে সরিয়ে দেওয়া হয়েছে। সূত্রের খবর, সুপার সঞ্জয় বশিষ্ঠের বদলে আপাতত দায়িত্ব সামলাবেন ডাঃ বুলবুল মুখোপাধ্যায়, যিনি হাসপাতালের ডিন এবং এই ঘটনায় গঠিত ১১ সদস্যের তদন্ত কমিটির অন্যতম। এই পরিস্থিতিতে আর জি কর কাণ্ডে মুখ খুলেছেন সৌরভ গঙ্গোপাধ্যায়। তিনি বলেন, যা ঘটছে তা অত্যন্ত দুর্ভাগ্যজনক। তবে নিরাপত্তা আরও নিশ্চিত হওয়া উচিত। যদিও ভারত এবং বাংলা যথেষ্ট নিরাপদ বলেও মন্তব্য করেছেন তিনি। সৌরভ গঙ্গোপাধ্যায়ের কথায়, একটা ঘটনা থেকে আরও শিক্ষা নেওয়া। নিরাপত্তা আরও জোরদার করতে হবে। প্রসঙ্গত, তরুণী চিকিৎসকের নৃশংস প্রাণহানি থেকে শিক্ষা নিয়ে বাড়ছে আর জি কর মেডিক্যাল কলেজ ও হাসপাতালের নিরাপত্তা। কলেজ ও হাসপাতালের পুলিশ নিরাপত্তা আরও বাড়াতে একগুচ্ছ পরিকল্পনা নেওয়া হয়েছে। রাতে সাদা পোশাকের মহিলা পুলিশ মোতায়েন থাকবে। প্রয়োজনে তাঁদের গ্যার্ডে এবং লেডিজ হস্টেলে প্রবেশের অধিকার থাকবে।



নিরাপদ রেস্টরুম তৈরির সিদ্ধান্ত রাজ্যের

দুরন্ত বার্তা, কলকাতা, ১১ আগস্ট : আর জি কর হাসপাতালে কর্তব্যরত মহিলা চিকিৎসককে খুনের ঘটনার প্রেক্ষিতে রাজ্য সরকার প্রতিটি মেডিকেল কলেজে মহিলাদের জন্য একটি করে নিরাপদ রেস্টরুম তৈরির সিদ্ধান্ত নিয়েছে। গতকাল নবাবে মুখ্যসচিব ভগবতী প্রসাদ গোলিকার পৌরহিত্যে আয়োজিত বৈঠকে এই সিদ্ধান্ত নেওয়া হয়েছে বলে জানা গিয়েছে। পাশাপাশি কলকাতা পুলিশের তরফেও সরকারি হাসপাতাল, হোম এবং হোস্টেলে মহিলাদের সুরক্ষা ও নিরাপত্তা সুনিশ্চিত করতে বেশ কিছু পদক্ষেপ নেওয়ার কথা জানিয়ে সংশ্লিষ্ট থানাগুলিতে নতুন নির্দেশিকা পাঠানো হয়েছে। অপরাধপ্রবণ এলাকা চিহ্নিত করে সেখানে নজরদারি বৃদ্ধি করা সহ সিসি ক্যামেরা নেই এমন জায়গায় পর্যাপ্ত ক্যামেরা ও আলো লাগানোর কথা বলা হয়েছে বলে পুলিশ সূত্রে জানা গিয়েছে। সুরক্ষার বিষয়ে কোনো ফাঁক থাকলে তা খুঁজে বের করে প্রয়োজনীয় পদক্ষেপ নিতে হবে বলে জানানো হয়েছে। এদিন নারকীয় হত্যাকাণ্ডের সরোজমিনে তদন্তে ফের হাসপাতালে যায় কলকাতা পুলিশের বিশেষ তদন্তকারী দল। রবিবার বিকেলে চারতলার সেমিনারের হলের ঘটনাস্থল ফের পরিদর্শন করেন তদন্তকারীরা। নেতৃত্বে রয়েছেন কলকাতা পুলিশ কমিশনার বিনীত গোয়েলা।



চারটি ইএসআই হাসপাতাল তৈরি করার সিদ্ধান্ত রাজ্যের

দুরন্ত বার্তা, কলকাতা, ১১ আগস্ট : কেন্দ্রীয় শ্রম মন্ত্রকের প্রস্তাবে অনুমতি দেওয়ার রাজ্যে আরও চারটি ইএসআই হাসপাতাল তৈরি করার সিদ্ধান্ত নেওয়া হয়েছে। উত্তর ২৪ পরগনা, দুই মেদিনীপুর এবং দার্জিলিংয়ে প্রতিটি ১০০ শয্যা যুক্ত এই অত্যাধুনিক হাসপাতালগুলি তৈরি করা হবে বলে নবাব সূত্রে জানা গিয়েছে। উল্লেখ্য রাজ্যে বর্তমানে ১৬ টি ইএসআই হাসপাতাল রয়েছে।

হিন্ডেনবার্গের নয়া রিপোর্ট খারিজ করল আদানি গোষ্ঠী

মুম্বাই, ১১ আগস্ট : সংস্থার সুনাম নষ্ট করতে পরিকল্পিতভাবে ষড়যন্ত্র করা হচ্ছে। হিন্ডেনবার্গের নয়া রিপোর্ট খারিজ করে পালটা মার্কিন শর্ট সেলার সংস্থাকেই আক্রমণ করল আদানি গোষ্ঠী। আদানিদের দাবি,যে তথ্য জনসমক্ষে প্রকাশিত, সেই তথ্য আংশিকভাবে প্রকাশ করে মানুষকে বিভ্রান্ত করা হচ্ছে। এই অভিযোগগুলি আগেই খারিজ করেছে সুপ্রিম কোর্ট। নব্য হিন্ডেনবার্গের তরফে এক রিপোর্ট পেশ করে দাবি করা হয়, যে সেবি আদানিদের ক্লিনটিং দিয়েছে, সেই সংস্থার প্রধানও আদানিদের থেকে সুবিধাপ্রাপ্ত। ঘুরপথে আদানিদের থেকে সুবিধা পেয়েছেন সেবির চেয়ারম্যান মাধবী পূরী বুচা। আদানিদের শেল কোম্পানিতে অংশীদার ছিল সেবি চেয়ারম্যানের স্বামীরও। আদানি শিল্পগোষ্ঠীর বিদেশে সরানো টাকায় অংশীদার ছিল শেয়ার বাজার নিয়ন্ত্রক সংস্থার প্রধানের। এই সব অভিযোগ অস্বীকার করে আদানিদের তরফে একটি বিবৃতি দেওয়া হল। ওই শিল্পগোষ্ঠীর দাবি, জনসমক্ষে প্রকাশিত তথ্যের কিছু মিথ্যা এবং বিধেয়মূলক অংশ নিয়ে রিপোর্ট তৈরি করা হয়েছে। তাছাড়া আমেরিকার এই সংস্থাটির বিরুদ্ধে একাধিক বার ভারতের আইন ভাঙার অভিযোগ উঠেছে। আদানিদের দাবি, এর আগেই সুপ্রিম কোর্ট আদানি গোষ্ঠীকে সম্পূর্ণরূপে ক্লিনটিং দিয়েছে। তার পরও উদ্দেশ্যপ্রসোচিত ভাবে সংস্থার ভাবমূর্তি তৈরি করার চেষ্টা হয়েছে। হিন্ডেনবার্গের এই বিশ্লেষণ রিপোর্ট প্রকাশ্যে আসার পর স্বাভাবিকভাবেই সর্বব বিরোধী শিবির। কংগ্রেসের তরফে জয়রাম রমেশ একটি বিবৃতি দিয়ে দাবি করেছেন, হিন্ডেনবার্গের এই রিপোর্ট সত্যি হলে সেবি কর্তার স্বার্থের সংঘাত নিয়ে বড়সড় প্রশ্ন উঠেছে। এই ধরনের মামলায় স্বার্থের সংঘাত এড়ানো উচিত। কংগ্রেস দীর্ঘদিন ধরেই আদানি কাণ্ডে যৌথ সসঙ্গীরা কমিটি গড়ে তদন্তের দাবি তুলছে। ভূণমুলের মহশ্বা মৈত্র এন্ড হ্যান্ডলে লিখছেন, এটা পুরোপুরি আদানির স্টাইল। পুঞ্জিপতি আশ্ফালনের আদর্শ উদাহরণ। এবার কি ইডি-সিবিআই মামলা করবে?

তৃণমূলে যোগদান

দুরন্ত বার্তা, রামপুরহাট, ১১ আগস্ট : ১১ই আগষ্ট রবিবার বেলা সাড়ে এগারোটো নাগাদ নলহাটি দুই নম্বর ব্লকের শীতলগ্রাম গ্রাম পঞ্চায়েতের বাদখালা গ্রামের এক কংগ্রেস কর্মী সহ আরো অনেকে তৃণমূলে যোগ দেন রামপুরহাটে একটি দলীয় কার্যালয়ে। জানা যায়, নলহাটি টু ব্লকের ফাইভ ম্যান কমিটির সদস্য সহ অন্যান্য নেতৃব্বৃদের নিয়ে একটি বৈঠক ছিল সেই বৈঠকেই এই কংগ্রেসের ইসমাইল মন্ডল সহ আরো কর্মীরা তৃণমূলে যোগদান করেন। তাদের হাতে দলীয় পতাকা তুলে দেন এই এলাকার তৃণমূলের বিধায়ক ডাক্তার অশোক চ্যাটার্জী , ফাইভ ম্যান কমিটির সদস্য ব্লকের আদ্বায়ক রেজাউল হক, ব্লকের সাধারণ সম্পাদক আবু জাহের রানা, পঞ্চায়েত সমিতির সভাপতি বকন ভট্টাচার্য, ফাইভ ম্যান কমিটির সদস্য কুদরতে খোদা, ব্লকের মহিলা তৃণমূলের সভানেত্রী চন্দ্রানী দত্ত, ব্লকের যুব ও INTTUC-র সহ সভাপতি আব্দুস সালাম সহ আরো অনান্য নেতব্রূরা।

জয়নগরের খাকুরদহ হাটে আচমকা দুষ্কৃতিদের তাণ্ডব

দুরন্ত বার্তা, জয়নগর,১১ আগস্ট : জয়নগর থানার খাকুরদহ হাট এলাকায় রবিবার বিকালে আচমকা দুষ্কৃতীদের তাণ্ডব। চারটি দোকান আংশিক ক্ষতিগ্রস্ত হয়েছে। স্থানীয় বাসিন্দাদের দাবি হঠাৎ একদল দুষ্কৃ্তী এসে এদিন বিকালে হাটের দোকানে তাণ্ডব চালায়। তাঁরা দু-তিন রাউন্ড গুলি ও চালায় বলে অভিযোগ। আর এই ঘটনায় আচমকা ঘটায় ভীত হয়ে পড়েন দোকানদার থেকে সাধারণ মানুষ। তড়িঘড়ি সব দোকান বন্ধ করে পালায়। আর এই ঘটনার খবর পেয়ে ঘটনাস্থল থেকে একটি গুলির খোল উদ্ধার করেছে জয়নগর থানার পুলিশ। আর এই ঘটনায় একজন আহত হয়েছে। আহতের নাম তরুণ মন্ডল। আহত ব্যক্তি বর্তমানে পয়সেরহাট প্রাথমি় হাসপাতালে চিকিৎসধীন। এলাকায় উত্তেজনা থাকায় প্রচুর পুলিশ মোতায়েন রয়েছে। তবে কি কারনে এই ঘটনা ঘটলো তাঁর তাম্ত শুকু করেছে জয়নগর থানার পুলিশ।

বসিরহাটে ভোরের বৃষ্টিতে এক হাঁটু কমে জল



দুরন্ত বার্তা, ১১ আগস্ট : উত্তর ২৪ পরগনা বসিরহাটে মহাকুমার বসিরহাট ও টাকি পৌরসভার অধিকাংশ ওয়ার্ডে আজ ভোরের বৃষ্টিতে এক হাঁটু করে জল কোথাও রাস্তায় জল জমে গেছে, আবার কোথাও বরেন মধ্যে জল ঢুকে গেছে এর মধ্যে সাপের উপদ্রব বসিরহাটের ৮ , ৯ ,১৭-১৮, ১৯ সহ বেশ কয়েকটি ওয়ার্ড জলবন্দী হয়েছে। পাশপাশি টাকি পৌরসভার ৫,৬,৭, ১৪,১৫ এই ওয়ার্ডগুলো জলমগ্ন হয়ে পড়েছে এতটাই দুর্ভোগ ঘর থেকে বের হতে পারছে না মানুষজন। লাগাতার কয়েক ঘণ্টা বৃষ্টির ফলে দুটি পৌরসভার অধিকাংশ ওয়ার্ড জলছবি দেখা যাচ্ছে। সকাল থেকে পৌরসভার কর্মীরা নিকাশী সচল করতে লেগে পড়েছে এতটাই বৃষ্টি হয়েছে যার কারণে সময় লাগছে।



শ্রাবণী মেলায় তারকেশ্বর ধামে পূর্ণধীদের চিকিৎসার ব্যবস্থা করেছে দক্ষিণেশ্বর রামকৃষ্ণ সংঘে আদ্যাপীঠে চ্যারিটেবিল ডিসপেনসারির ডাক্তার নার্স ও চিক্দের সহায়তা। আজ প্রায় ২৩ বছর যাবত এই সেবা কাজে নিযুক্ত আদ্যাপীঠ। সমগ্র ব্যবস্থাপনায় ও তত্ত্বাবধানে ছিলেন সংঘের সহ সম্পাদক ব্রজচন্দ্রী বিবেক ভাই। ছবি সুবল সাহা

সুবর্ণ জয়ন্তী বর্ষে হাওড়া জেলা যোগ অ্যাসোসিয়েশনের জেলা ব্যাপী যোগ প্রতিযোগিতা

দুরন্ত বার্তা, হাওড়া, ১১ আগস্ট : সুবর্ণ জয়ন্তী বর্ষে হাওড়া জেলা যোগ অ্যাসোসিয়েশনের জেলা ব্যাপী যোগ প্রতিযোগিতা অনুষ্ঠিত হলো রামকৃষ্ণপুর ব্যায়াম সমিতি প্রাঙ্গনে। অংশ নিলেন সাড়ে ৭০০ জন প্রতিযোগী। হাওড়া জেলা যোগ অ্যাসোসিয়েশনের এবছর সুবর্ণ জয়ন্তী বর্ষ। এই উপলক্ষে ১১ই আগস্ট, রবিবার হাওড়ার রামকৃষ্ণপুর ব্যায়াম সমিতি প্রাঙ্গনে জেলা ব্যাপী যোগ প্রতিযোগিতার আয়োজন করা হয়। অংশগ্রহণ করেন সারা জেলার প্রায় ৭৫০ জন প্রতিযোগী। রবিবার সকাল থেকে বেশ কয়েকটি বিভাগে এই প্রতিযোগিতা চলে। অ্যাসোসিয়েশনের হাওড়া জেলা সম্পাদক প্রশান্ত সামন্ত বলেন, হাওড়া জেলা যোগ অ্যাসোসিয়েশনের এবার সুবর্ণ জয়ন্তী বর্ষ। স্বর্গীয় ভারতশ্রী নিরাপদ পাথিয়ার স্মৃতি রক্ষার্থে হাওড়া জেলা যোগ অ্যাসোসিয়েশন এবার এই সুবর্ণ জয়ন্তী বর্ষ উদ্‌যাপন করছে। আমাদের অ্যাসোসিয়েশনের প্রতিষ্ঠাতা ও প্রাণপুরুষ ছিলেন নিরাপদ বাবু। ১৯৭৬ সাল। সেসময় হাওড়া জেলায় কোণ্ড যোগ অ্যাসোসিয়েশন ছিলনা। তখন কেউ জানতই না যোগকে

খেলার দরজা দেওয়া যায় বা যোগ ব্যায়াম প্রতিযোগিতা হতে পারে। ব্যায়াম আচার্য বিশ্বচরণ ঘোষের সুযোগ্য ছাত্র স্বর্গীয় নিরাপদ পাথিরা প্রথম হাওড়া জেলায় যোগ ব্যায়াম প্রতিযোগিতা শুরু করেন। এবং এই



অ্যাসোসিয়েশনের প্রতিষ্ঠা করেন। আজ ভারতবর্ষের গণ্ডী পেরিয়ে পৃথিবীর বিভিন্ন স্থানে এই যোগ প্রতিযোগিতা শুরু হয়েছে।

রবিবার, ১১ই আগস্ট রামকৃষ্ণপুর ব্যায়াম সমিতি, সাউথ ইন্ডিয়ান ভবন এবং রামকৃষ্ণপুর সংসদ এই তিনটি স্থানে আমরা ৫০তম হাওড়া জেলা যোগ প্রতিযোগিতা ২০২৪ অনুষ্ঠিত করছি। এই সুবর্ণ

যোগ অ্যাসোসিয়েশন অনুমোদিত ৬০টি ক্লাব বা সংস্থা এই প্রতিযোগিতায় অংশগ্রহণ করে। হাওড়া জেলার পুরুষ ও মহিলা প্রতিযোগীরা বিগত ৫০ বছর ধরে রাজ্য, জাতীয় ও আন্তর্জাতিক স্তরে বিভিন্ন পুরস্কার অর্জন করে হাওড়া জেলার সুনাম বৃদ্ধি করেছে। এদের পাশে দাঁড়িয়ে সহযোগিতার হাত বায়ি দেওয়াই আমাদের লক্ষ্য। এবার প্রতিযোগিতায় বয়সভিত্তিক ২৪টি বিভাগ রয়েছে। ৫০ বছরের মধ্যে প্রায় ৪৬ বছর হাওড়া রাজ্য চ্যাম্পিয়ন হয়েছে। হাওড়ার ছেলেরা জাতীয় এবং আন্তর্জাতিক স্তরেও সাফল্য লাভ করেছে। যোগাসনে অনেকে স্নাতকোত্তর এমনকি গবেষণাও করছে। চাকরি পাওয়ার ক্ষেত্রে যোগাসনের সহযোগিতা পেয়েছে। এদিন সকাল সাড়ে ৭টা থেকে প্রতিযোগিতা শুরু হয়। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন রামকৃষ্ণ মঠ ও মিশনের স্বামী প্রশান্তান্বানন্দজী মহারাজ, অধ্যাপক ডঃ সুব্রত ঘোষ, পশ্চিমবঙ্গ রাজ্য যোগ অ্যাসোসিয়েশনের সম্পাদক গৌতম সিনহা প্রমুখ।

দূর্ঘটনার হার কমাতে মোটরভ্যানে যাত্রী পরিবহন বন্ধ করলো পুলিশ

দুরন্ত বার্তা,জয়নগর, ১১ আগস্ট : দূর্ঘটনার হার কমাতে এবার বাসন্তী রাজ্য সড়কে মোটর ভ্যান চলাচল বন্ধ করার সিদ্ধান্ত নিয়েছে পুলিশ।মৃত্যুকাণ্ড বাসন্তী রাজ্য সড়ক! নিত্যদিন একের পর এক দূর্ঘটনা লেগেই আছে। দূর্ঘটনার বাড কারণ রাজ্য সড়কে মোটর ভ্যানের দাপাদাপি। বাস্তুতন্ত্র রাজ্য সাকে সকাল থেকে রাত পর্যন্ত যাত্রীবাহী মোটর ভ্যান চলে কয়েক হাজার। এই গাড়িগুলির না আছে হর্ন, না আছে হেডলাইট।এর চারপাশে পা বুলিয়ে বসেন যাত্রীরা। তাই একবার সংঘর্ষ বা ব্রেক ফেল হলেই থেকে ছিটকে পড়েন যাত্রীরা।তাই রাজ্য সড়কে দূর্ঘটনা কমাতে এবার মোটর ভ্যানের উপরনিষেধাজ্ঞা জারি করেছে কলকাতা পুলিশ অভিযোগ,তা সত্ত্বেও বেআইনি ভাবেই যাত্রী বহন করছে মোটর ভানা।আর তহি অবৈধ মোটর ভ্যান ধরতে এবার আসারোমেছে পুলিশ। কলকাতা পুলিশের ডিসি ট্র্যাফিক (সাউথ) অমিত কুমার সাউ বলেন, ‘ট্র্যাফিক ব্যবস্থার উন্নতি করতে এবং দূর্ঘটনার হার কমাতে মোটর ভ্যান চালকদের সতর্ক করা হয়েছে যাত্রী পরিবহণ না করার জন্য। কথা না শুনলে আমরা মোটর ভ্যান আটক করে মামলা চালু করব।’বেশ কিছু দিন ধরে বাসন্তী রাজ্য সড়কের ঘটকপুরুষ,পাগলাহাট, বিবিরাইট সহ

বিভিন্ন এলাকায় মোটর ভ্যান থেকে সাধারণ যাত্রীদের নামিয়ে দেওয়া হচ্ছে। পুলিশের বক্তব্য,মোটর ভ্যানেতে মালপত্র বহন করা যাবে, যাত্রী নয়।তবে এবিষয়ে স্থানীয় মানুষ বলেন,আমরা অনেক কম খরচে মোটর ভান করে যাতায়াত করতে পারি।বহু শ্রমিক মোটর ভ্যানে করে



হচ্ছে।কলকাতার ইএম বাইপাসের সায়েল সিটি থেকে দক্ষিণ ২৪ পরগনার বাসন্তী পর্যন্ত প্রায় সত্তর কিমি জুড়ে এই রাস্তার বিস্তৃতি। কলকাতা পুলিশের আনন্দপুর, লোলার কমপ্লেক্স, পোলেরহাট, ভাঙুড থানা ছাড়াও দক্ষিণ ২৪ পরগনার দুটি এবং উত্তর ২৪

করে বানতলা চর্মনগরী পর্যন্ত তাই মোটর ভ্যানের দাপট সবচেয়ে বেশি। বানতলা চর্মনগরীর শ্রমিকরা বলেন, ‘ যে ভাড়া ২৫ টাকা, মোটরভ্যানেতে সেই ভাড়া ১৫ টাকা। এতে সারা মাসে আমাদের অনেক টাকা শাস্রয় হয়।’তবে পুলিশের দাবি, মোটরভ্যানেতে যাত্রী পরিবহণ নিয়ে গাইডলাইন না থাকায় একসঙ্গে ১০-১৫ জন পা বুলিয়ে চারিদিকে গোল হয়ে বসেন। এর ফলে অন্য গাড়িকে পাশ দিতে গেলে বহু ক্ষেত্রে দূর্ঘটনার কবলে পড়েন যাত্রীরা।এক মোটরভ্যান চালক বলেন, ‘ মতো প্রাথমী এলাকায় সাধারণ মানুষ অটো, টোটো, মোটরভ্যানের উপরেই নির্ভরশীল। আমরা গরিব মানুষ।মোটরভ্যান বন্ধ করে দিলে আমাদের মতো অনেকেই না খেতে পেয়ে মরবে।’এব্যাপারে ভাঙুড-১ ব্লকের আইএনটিচিইউ সির সভাপতি অয়ানলা মোল্লা বলেন, ‘ পুলিশ প্রশাসনকে অনুরোধ করব তারা যেন সহানুভূতির সঙ্গে বিষয়টি দেখেন।’ চলতি বছরের ৮ জানুয়ারি কলকাতা পুলিশের ভাঙুড ডিভিশনের সঙ্গে চালু হয়েছে ভাঙু। ট্র্যাফিক গার্ড। গত সাত মাসে প্রায় বাইশ-তেরিশটি দূর্ঘটনায় ৭-৮জন মারা গিয়েছে।আর তাই কলকাতা পুলিশ দূর্ঘটনা কমাতে এই সিদ্ধান্ত নিয়েছেন।

পরগনার তিনটি থানা নিয়মিত নজরদারি চালায় এই রাস্তার উপর। শুধু সু দ্রবনই নয়, এই রাস্তা ধরে বসিরহাট, হাসানবাদ, টাকি, হিঙ্গলগঞ্জ, ন্যাঙ্গাট, সদ্দেশখালি, ক্যানি, বাসন্তী, ঝড়খালি,গোসাবা, ধামাখালিতেও যাওয়া যায়।তাই রুটিকরিজর জন্য বাস, ট্রেকার, অটো, ম্যাজিকের পাশাপাশি সম্ভায় যোগাযোগের জন্য নিত্যদিন মোটরভ্যান, টোটো চােনে সাধারণ মানুষ। ভাঙুড়ের চণ্ডীপুর থেকে শুরু

টাকা দিলেই রেলে চাকরি’, এই প্রতিশ্রুতি দিয়ে প্রতারণার ফাঁদ পাতার অভিযোগ চুঁচুড়া কাপাসডাঙার প্রৌড়ের বিরুদ্ধে

বনস্পতি দে, চুঁচুড়া, ১১ আগস্ট : "টাকা দিলেই রেলের চাকরি", এই প্রতিশ্রুতি দিয়ে প্রতারণার ফাঁদ পাতার অভিযোগ উঠেছে চুঁচুড়া কাপাসডাঙার প্রৌড়ের বিরুদ্ধে। টাকা ফেরতের দাবিতে রবিবার তার বাড়ির সামনে বিক্ষোভ উজ্জেক্ত জনতারা। ঘটনাস্থলে পৌঁছয় চুঁচুড়া থানার পুলিশ। 'টাকা দিলেই রেলের চাকরি', এই প্রতিশ্রুতি দিয়ে প্রতারণার ফাঁদ পাতার অভিযোগ উঠেছে চুঁচুড়া কাপাসডাঙার প্রৌড়ের বিরুদ্ধে। টাকা ফেরতের দাবিতে রবিবার তার বাড়ির সামনে বিক্ষোভ উজ্জেক্ত জনতারা। চুঁচুড়া পুরসভার আট নম্বর ওয়ার্ডে গত কয়েক বছর ধরে একটি বাড়িতে ভাড়া নিয়ে থাকেন অভিজিৎ চৌধুরী। তাঁর বিরুদ্ধে রেলের চাকরি দেওয়ার নাম করে লাখ লাখ টাকা আত্মসা করার অভিযোগ উঠেছে। কয়েকজনকে ভুয়ো নিয়োগপ্রাপ্ত ও দেন তিনি। তিন মাস চাকরি করার পর বেতন পাননি তাঁরা। সেই সময়ই বুঝতে পারেন, প্রতারণা শিকার হয়েছেন তাঁরা। রেলের গ্রুপ সি এবং গ্রুপ ডি পদে চাকরি দেওয়ার নাম করে লাখ লাখ টাকা আত্মসা করেছেন অভিজি, অভিযোগ এমনটাই। বাঙাইহাটের বাসিন্দা সুবীর দে বেসরকারি সংস্থায় চাকরি নিয়ে নিজের এজেন্সির মাধ্যমে। অভিযুক্ত অভিজিতের সঙ্গে যোগাযোগ ছিল তাঁরা। সুবীরকেই অভিজিৎ বলেছিলেন, সরকারি চাকরি করে দেওয়ার সুযোগ তাঁর কাছে রয়েছে। এর জন্য যোগ্য প্রার্থী জোগাড় করে দিতে। এরপর সুবীর বেশ কয়েকজনকে অভিজিতের সঙ্গে আলাপ করান। সুবীরের স্ত্রী

মৌমিতার দাবি, তাঁদের বাড়ির পাশে এক মহিলাকে রেলের চাকরির সুযোগের কথা জানিয়েছিলেন তাঁর স্বামী। এমনকী, ওই মহিলার থেকে টাকা নিয়ে অভিজিৎ চৌধুরীকে দেন তাঁরা। কিন্তু, চাকরি মেলেনি। এরপর অভিজিতের চুঁচুড়া কাপাসডাঙার বাড়িতে একাধিক প্রতারণা তাঁর। সঙ্গে ছিলেন সুবীর ও মৌমিতাও। খবর পেয়ে ঘটনাস্থলে পৌঁছন স্থানীয় কাপাঙ্গিলের নির্মল চক্রবর্তী। তিনি বলেন, 'টাকা দিয়ে এভাবে চাকরি পাওয়া যায় না। অভিজিতের মতো মানুষের থেকে দূরে থাকার জন্য সাধারণ মানুষকে অনুরোধ করব।' অভিজিতের স্ত্রী স্বপ্না চৌধুরীর অবস্থা দাবি, স্বামীর কীর্তির বিষয়ে তিনি কিছু জানেন না। তাঁর স্বামী কাজের সূত্রে আসানসোলে গিয়েছেন। অভিজিৎ আগে গৃহশিক্ষকতা করতেন। পরে একটি বেসরকারি সংস্থায় চাকরি করেন। তবে রেলের চাকরি তিনি কোনওদিন করেননি। স্থানীয় সূত্রে খবর, পানমালার মহিলা কর্মীদের গন্তব্যে পৌঁছে দেওয়ার কাজ করতেন তিনি। স্বপ্না বলেন, ‘ সংসারের কোনও দায়িত্ব নেয় না। আমার উপরেও অত্যাচার করে। ও কার থেকে টাকা নিয়েছে সেই বিষয়ে আমার কিছু জানা নেই।' সুবীর দে বলেন, ‘ অভিজিকে বিশ্বাস করেছিলাম। ও যে এভাবে ঠকাবে, তা বুঝতে পারিনি।' এদিকে হট্টোলোর খবর পেয়ে সেখানে যায় চুঁচুড়া থানার পুলিশ। প্রতারিতদের অভিযোগ দায়েরের পরামর্শ দেওয়া হয়েছে।

আরও বেশি সংখ্যক মহিলা পুলিশ নামবে শহরের রাস্তায়, নারী নিরাপত্তায় অত্যন্ত কঠোর কলকাতা পুলিশ

দুরন্ত বার্তা, কলকাতা, ১১ আগস্ট : আরজি কর-কাণ্ডের জের। শহরে মহিলা নিরাপত্তা আরও জোরদার করতে উদ্যোগ কলকাতা পুলিশের। কলকাতার প্রতিটি থানাকে নজরদারির নির্দেশ কলকাতা পুলিশ কমিশনারের। পুলিশ সূত্রে খবর, মহিলাদের নিরাপত্তার জন্য অপরাধপ্রবণ এলাকাকে চিহ্নিত করতে হবে। ওই সকল এলাকায় কী ধরনের অপরাধ হয় সেই ব্রেকডে রাখতে হবে নজর। আরও বেশি করে মোতায়েন করতে হবে মহিলা হস্টেল এলাকার নিরাপত্তা নিয়েও আলোচনা হয়েছে। তবে এখানেই শেষ নয়, কলকাতা



পুলিশের বাহিনীতে য়াঁরা রয়েছে, তাভাও যাতে নজরদারির আওতার থাকেন, বাইরে যেতে না পারেন সেই বিষয়ও জোর দেওয়া হয়েছে। প্রসঙ্গত, আরজি কর-এর ঘটনার পরই প্রশ্ন উঠতে শুরু করে শহরে নারী নিরাপত্তা নিয়ে। শুধু তাই নয়, মেডিক্যাল কলেজগুলিতে কেন নেই রেস্ট রুম সেই নিয়েও ওঠে প্রশ্ন। এরপর শনিবার নারীনে একটি বৈঠক হয়। সেখানে উপস্থিত ছিলেন মহাী কিরণহাদ হাকিম, উইনার্স ও মহিলা পুলিশকে। ছাড়াও সরকারি হাসপাতাল ও মহিলা হস্টেল এলাকার নিরাপত্তা নিয়েও আলোচনা হয়েছে। তবে এখানেই শেষ নয়, কলকাতা

নিজের কেন্দ্রে দুর্নীতি দমনে নয়! পদক্ষেপ অভিষেকের

দুরন্ত বার্তা, বিশ্বপুর, ১১ আগস্ট : রেকর্ড মার্জিনে ভোটের জেতার পর এই প্রথম ডায়মন্ড হারবারে নিজের সংসদীয় এলাকায় প্রশাসনিক পর্যালোচনা সভা করতে এলেন ডায়মন্ডহারবার লোকসভা কেন্দ্রের সাংসদ তথা সর্বভারতীয় তৃণমূল কংগ্রেসের সাধারণ সম্পাদক অভিষেক বন্দ্যোপাধ্যায়। শনিবার সন্ধ্যা নাগাদ ডায়মন্ডহারবার লোকসভা কেন্দ্রের অন্তর্গত বিশ্বপুরের



আমতলার অডিটরিয়ামে প্রশাসনিক পর্যালোচনা সভা করেন অভিষেক। এদিনের এই প্রশাসনিক পর্যালোচনা সভায় উপস্থিত ছিলেন রাজ্যের পরিবহন দপ্তরের ভারপ্রাপ্ত প্রতিমন্ত্রী বিশ্বপুরের বিধায়ক দিলীপ মন্ডল এছাড়াও উপস্থিত ছিলেন ডায়মন্ডহারবার পুলিশ জেলার পুলিশ সুপার রাহুল গোস্বামী । এছাড়া উপস্থিত ছিলেন লোকসভা কেন্দ্রের সকল জনপ্রতিনিধিরা। প্রশাসনিক পর্যালোচনা সভার পর অভিষেক সাংবাদিকদের মুখোমুখি হয়ে জানান, এই লোকসভা কেন্দ্রে দুর্নীতি দমনে নতুন পদক্ষেপ নেওয়া হয়েছে । এই পর্যালোচনা সভা থেকে এক ডাকে অভিষেকের ফোন নাম্বারে খোলা হয়েছে একটি হোয়াটস অ্যাপ চ্যানেল । এই হোয়াটসঅ্যাপ চ্যানেলে এলাকায় যেকোনো ধরনের দুর্নীতির ভিডিও কিংবা স্টিল ছবি তুলে পাঠালে সেই ঘটনা যদি সত্যি হয়ে থাকে তাহলে সেই অভিযুক্ত তৃণমূল নেতাদের বিরুদ্ধে যথাযথ আইনানুগ ব্যবস্থা নেবে ডায়মন্ডহারবার পুলিশ জেলার পুলিশ । এমনকি যে ব্যক্তি এই দুর্নীতির ভিডিও কিংবা ছবি এক ডাকে অভিষেকের নম্বরে হোয়াটসঅ্যাপ করবেন সেই ব্যক্তির সম্পূর্ণ নিরাপত্তার দায়িত্ব নিজের কাধে তুলে নেওয়ার পাশাপাশি ওই ব্যক্তিকে পুরস্কৃত করার প্রতিশ্রুতিও দেন তিনি। এর পাশাপাশি তিনি আরো বলেন, এই কেন্দ্রের বহু জায়গায় চিকিৎসা সংক্রান্ত অভিযোগ বারবার উঠেছে । বহু জায়গায় প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্র গুলিতে পর্যাপ্ত পরিমাণে চিকিৎসক ও স্বাস্থ্যকর্মী নেই। দ্রুত সেই সমস্যার সমাধান করার আশ্বাসও দেন তিনি । এর পাশাপাশি প্রতিবছর দুর্গাপূজার সময় দুঃস্থ মানুষদের হাতে নতুন বস্ত্র উপহার তুলে দেন তিনি। কিন্তু ২০২৪ সাল থেকে সেই নতুন বস্ত্র উপহার দেওয়ার সেই অনুষ্ঠানের কিছু রবদল করেছেন বলে জানান তিনি। তিনি জানান, বস্ত্র উপহার অনুষ্ঠানে বহু মানুষ উপস্থিত হন এবং তাদের সকলকে যথাযথ বস্ত্র আমরা দিতে পারি না। এই নিয়ে বিশৃঙ্খলা সৃষ্টি হয়ে অনুষ্ঠানে। সেই বিশৃঙ্খলা ঠেকাতে এবার থেকে প্রতিটি ব্লকে ব্লকে জনপ্রতিনিধিরা প্রকৃত দুস্থ মানুষের বাড়িতে পৌঁছে যাবেন এবং তাদের হাতে দুর্গাপূজার সময় নতুন উপহার তুলে দেবেন। তিনি আরো বলেন কোভিড মহামারীর সময় ডায়মন্ডহারবার লোকসভা কেন্দ্রে যে পদক্ষেপ নেওয়া হয়েছিল সেটি কার্যত প্রশংসনীয়। এই কেন্দ্রকে দেশের অন্যতম সৌন্দর্য সম্পন্ন লোকসভা কেন্দ্র করতে বদ্ধ পরিকর তিনি। ২০২৪ সালের মধ্যে এই লোকসভা কেন্দ্রের বিজয় জয়গাকে নতুন ভাবে সাজিয়ে তোলা হবে। পৌরসভার অন্তর্গত হুগলি নদী সংলগ্ন এলাকায় নতুন করে সৌন্দর্য্যবনের কাজ শুরু করা হবে।

খুনের চক্রান্ত, মেয়ের মৃত্যুকে ঘিরে বিস্ফোরক অভিযোগ

দুরন্ত বার্তা, সোদপুর, ১১ আগস্ট : আর জি কর মেডিক্যাল কলেজ ও হাসপাতালে ডাক্তারি ছাত্রীর মৃত্যুর ঘটনায় তার বাবা বিস্ফোরক অভিযোগ তুলেছেন। তার দাবি, মেয়ের ওপর হাসপাতালে কাজের সময় প্রচুর মানসিক চাপ ছিল, যা সহ্য করতে পারছিল না সে। তিনি অভিযোগ করেন, সিনিয়র ডাক্তাররা মেয়েকে ঠিকমতো কাজ করতে দিত না। এমনকি কেউ আমার মেয়েকে খুন করার জন্য সুপারি পর্যন্ত দিতে পারো। মৃত ছাত্রীর বাবা আরও বলেন, হাসপাতালের সহকারী সুপারি আমাদের জানিয়েছেন, আমাদের মেয়ে আত্মহত্যা করেছে। তবে আমরা বিশ্বাস করি, মেয়েকে সুপরিচরিতভাবে খুন করা হয়েছে। তিনি আরও উল্লেখ করেন, চারজন পুরুষ ডাক্তারদের সঙ্গে আমার মেয়ে একা ডিউটি করত। সে আর জি কর হাসপাতালে যেতে চাইত না, সেখানে কাজের প্রতি তার অনীহা ছিল। মৃত ছাত্রীর বাবা এও জানান, বিক্ষোভরত ডাক্তারদের আদোলনের প্রতি তাদের পূর্ণ সহযোগিতা ও আস্থা রয়েছে। আমরা এই আদোলনে যোগ দিতে পারি, বলেন তিনি। এই মন্তব্যের পর আর জি কর হাসপাতালের ঘটনা নতুন মোড় নিতে শুরু করেছে। মুখামন্ত্রীর প্রতি আস্থা প্রকাশ করেও, ছাত্রীর বাবার এই অভিযোগ হাসপাতালের পরিবেশ ও সিনিয়র চিকিৎসকদের ভূমিকা নিয়ে নানা প্রশ্ন তুলে দিয়েছে। পরিস্থিতি আরও উত্তেজনাপূর্ণ হয়ে উঠতে পারে বলে ধারণা করা হচ্ছে।

আরপিএফ-এর অভিযানে প্রেফতার ১১ জন দালাল

গুয়াহাটি, ১১ আগস্ট : দালালদের উপদ্রব নিয়ন্ত্রণ করার লক্ষ্যে উত্তরপূর্ব সীমান্ত রেলওয়ের অধীন রেলওয়ে সুরক্ষা বাহিনীর (আরপিএফ) অভিযানে ১১ থেকে ৬১ জুলাই পর্যন্ত ১১ জন দালাল প্রেফতার এবং তাদের হেফাজত থেকে ২.৮৫ লক্ষ টাকার বেশি মূল্যের ৬৪টি রেলওয়ে টিকিট উদ্ধার হয়েছে। উত্তরপূর্ব সীমান্ত রেলওয়ের মুখ্য জনসংযোগ আধিকারিক ব্যবসাসচী দে আজ রবিবার এক প্রেস বার্তায় এ খবর জানিয়েছেন। তিনি জানান, ১৭ জুলাই অফিপুরদুয়ার জংশনের আরপিএফ এবং সিআইবি টিম শেখোডাথে ধূপগুড়ির পিআরএস কাউন্টারে তল্লাশি অভিযান চালিয়ে প্রায় ৮৯,৫৮৭ টাকা ১৪টি টিকিট উদ্ধার করেছে।

৫টা বিয়ে করেছিল অভিযুক্ত, এবার মুখ খুললেন তৃতীয় পক্ষের শাস্তুড়ি

দুরন্ত বার্তা, কলকাতা, ১১ আগস্ট : আরজি কর-কাণ্ডে প্রেফতার হওয়া অভিযুক্তের নাকি পাঁচটা বিয়ে। প্রতিনেশীরাই সে কথা বলেছিলেন। তাঁদের কথায় ছেলে একবারেই ভাল নয়। তবে যা করত বাইরে করত। পাঁচটা বিয়ে করেছে। কেউ ছেড়ে

চলে যাচ্ছে, কাউকে নিয়ে এসেছেন। ততাই গল্প। এরই মধ্যে প্রকাশ্যে এল তৃতীয় পক্ষের শাস্তুড়ি ও শ্যালিকার বয়ান। যদিও, প্রয়াস হয়েছে তৃতীয় পক্ষের স্ত্রী। অভিযুক্ত স্বন্ধকে কী বলছেন তৃতীয় পক্ষের শাস্তুড়ি? জানা যাচ্ছে, ২০২২ সালের ১৯ ফেব্রুয়ারি অভিযুক্ত তৃতীয়বার বিয়ের বন্ধনে আবদ্ধ হন। মৃতের পরিবারের দাবি, অভিযুক্ত মদ খেয়ে মেয়েকে বেধড়ক মারধর করতেন। কালীঘাট থানায় অভিযোগ জানানোর পরও নাকি লাভ হয়নি। পুলিশে কাজ করেন, সেই প্রভাবশালী তত্ত্ব খাটিয়ে বারবার পার পেয়ে যেত অভিযুক্ত দাবি অভিযুক্তের শাস্তুড়ির। ফাঁসির চাইছেন তাঁরা। তৃতীয় পক্ষের শাস্তুড়ি বলেন, ‘‘আমরা দেখে শুনে বিয়ে দিয়েছি। আমাদের বলেছিল পুলিশ কাজ করে। বিয়ের পর আমার মেয়েকে মেরেছিল মদ খেয়ে। আমি গিয়ে কালীঘাট থানায় ডায়রি করেছিলাম। তবে থানা কোনও পদক্ষেপ করেনি। তারপর থেকে যদিও মারেনি। মেয়েটা দীর্ঘদিন সহ্য করেছিল।’’ অপরদিকে শ্যালিকা বলেন, ‘‘মদ খেয়ে বোনের সঙ্গে অত্যাচার করত। আমরা অনেক বুঝিয়ে ছিলাম ওকে। আমাদের কখনও দিন ভয় দেখাইনি। আমরা ঘটনা শুনেছি। চাইছি ওর ফাঁসি হোক।’’

একাধিক দাবি নিয়ে সারা বাংলা অঙ্গনওয়াড়ি কর্মী ও হেলপার্স ইউনিয়নের সম্মেলন



উজ্জ্বল বন্দ্যোপাধ্যায়,জয়নগর, ১১ আগস্ট : অহিসিডিএস কর্মী সহায়িকাদের সরকারি কর্মীর স্বীকৃতি, সরকারি কর্মীর ন্যায় বেতন,সামাজিক সুরক্ষা, সেন্টারের নামের ফোনের সিম কার্ডসহ অ্যান্ড্রয়েড সেট, বাজার দর অনুযায়ী জ্বালানি ও সবজি বিল দেওয়া সহ একাধিক দাবিকে সামনে রেখে রবিবার জয়নগর থানার দক্ষিণ বারাসত শ্রী শ্রী সারাদমণি বালিকা বিদ্যালয়ে জয়নগর ১ নম্বর ব্লকের সারা বাংলা অঙ্গনওয়াড়ি কর্মী ও হেলপার্স ইউনিয়নের সম্মেলন হয়ে গেল। এদিন প্রথমে মহান বিপ্লবী ক্ষুদ্রিরামের শহীদ বীরীতোমোদাদ্যন ও নীরবতা পালন করে সম্মেলনের কাজ শুরু করে। এদিনের এই সম্মেলনে প্রায় দুই শতাধিক আই সি ডি এস কর্মী ও সহায়িকা উপস্থিত ছিলেন। এদিনের এই সম্মেলনে প্রধান বক্তা হিসেবে উপস্থিত ছিলেন এ আই ইউ টি ইউ সির রাজ্য নেতৃত্ব নন্দ পাত্র, সংগঠনের রাজ্য সম্পাদিকা মাধবী পন্ডিত,জেলা সম্পাদিকা তপতী ভট্টাচার্য, সুবীর দাস সহ আরো অনেকে। এই সম্মেলনে অর্চনা প্রামানিককে সম্পাদিকা ও প্রতিমা কামারকে সভাপতি করে ৩১ জনের এক শক্তিশালী কমিটি গঠিত হয়।

ডায়মন্ডহারবারের সাংসদের উদ্যোগে এলাকা সাজিয়ে তোলা হচ্ছে

দুরন্ত বার্তা,জয়নগর, ১১ আগস্ট : ডায়মন্ড হারবারের সাংসদ অভিষেক বন্দ্যোপাধ্যায়ের উদ্যোগে হুগলি নদীর তীরবর্তী ডায়মন্ডহারবার শহরকে সাজাতে উদ্যোগী হলো জেলা প্রশাসন। সপ্তাহান্তে কলকাতার কাছে পিঠে ছুটি কান্টোনের অন্যতম ঠিকানা ডায়মন্ড হারবার। পর্যটক টানতে হুগলি নদীর পাারে সেই বন্দর শহরকে এ বার ঢেলে সাজানোর পরিকল্পনা নেওয়া হয়েছে। জানা গিয়েছে এ নিয়ে উদ্যোগী হয়েছেন খোদ স্থানীয় সাংসদ অভিষেক বন্দ্যোপাধ্যায়। হুগলি নদীর পাড়ের সৌন্দর্য্যবন, বাঁধের সংস্কার এবং ডায়মন্ডহারবারকে পর্যটন কেন্দ্রের চেহারা দিতে সম্প্রতি বিভিন্ন দপ্তরের আধিকারিক পুলিশ প্রশাসন ও জন প্রতিনিধিদের নিয়ে বৈঠক করেছেন দঃ ২৪ পরগনার জেলাশাসক ও সিনিয়র হারবারের সার্কিট হাউস স্তভার ভবনে এই বৈঠকে যোগ দিয়ে ছিলেন সাংসদ অভিষেক বন্দ্যোপাধ্যায়ের আশু সহায়ক সুমিত রায়,মহকুমাসাশক অঞ্জন ঘোষ, অতিরিক্ত পুলিশ সুপার মিতুন দে, ডায়মন্ডহারবারের বিধায়ক পান্নালাল হালদার সহ আরো অনেকে। এই বৈঠকে সিদ্ধান্ত হয় হুগলি নদীর পাড় রঙিন আলোয় সাজিয়ে ফেলা হবে। জায়গায় জায়গায় থাকবে পর্যটকদের বসার জন্য সুসজ্জিত সোয়ার। নদীর ধারে সেলফি পয়েন্টের কাছে ফোয়ারা ও বিভিন্ন ফুলের গাছে বাগান সাজানো হবে। থাকবে ক্যাফেটেরিয়াও। এ ছাড়া ও আলোকচিত্রের মাধ্যমে তুলে ধরা হবে ডায়মন্ডহারবার শহরের ইতিহাস ও বিভিন্ন মনীষীদের কর্মকাণ্ড। এর জন্য বিশাল একটি কন্ট্রিটের ঘাট বানানো হবে। পর্যটকদের বিনোদনের জন্য মুক্তাস্থানের কাছে একটি ওপেন এয়ার থিয়েটারও গড়ে তোলার পরিকল্পনা নেওয়া হয়েছে। তাতে ডায়মন্ডহারবারের ঐতিহ্যবাহী কেল্লার একটি রৌপ্রিকা ও তৈরি করার পরিকল্পনা নেওয়া হয়েছে। জেলা প্রশাসনের তরফে জানানো হয়েছে,আপাতত একটি বিশেষজ্ঞ টিম সৌন্দর্য্যবনের প্রাথমিক রূপ রেকা টিক করবে। সব ঠিক থাকলে ধাপে ধাপে কাজ শুরু হয়ে যাবে। এব্যাপারে জেলা শাসক সুমিত গুপ্তা বলেন, ‘ অভিষেক বন্দ্যোপাধ্যায়ের উদ্যোগে নদীর ধারে সৌন্দর্য্যবনের জন্য একটি প্রকল্প হাতে নেওয়া হয়েছে। কী ভাবে কী করা যায় সেটি দেখা হচ্ছে।

এবার লরির ভিতর নয়, তলায় কাপড় দিয়ে নিজেকে বেঁধে অনুপ্রবেশের চেষ্টা বাংলাদেশি মিগ্রার

দূরন্ত বার্তা, হিলি, ১১ আগস্টঃ “মাছিও যেন গলতে না পারে”, ঠিক এমনই কড়া বার্তা দিয়েছিল বিএসএফ। তাই বাংলাদেশের টালমাটাল পরিস্থিতির মধ্যে যাতে দেশে অনুপ্রবেশ কোনও ভাবেই না ঘটে সেই নিয়ে তৎপর তারা। তবুও ওপ্রান্তের বাসিন্দাদের একাংশের চেষ্টা চলছে যাতে কোনও ভাবে ভারতে প্রবেশ করা যায়। এবার দেখা গেল নয়া পদ্ধতি। খালি ট্রাকের তলায় কাপড় দিয়ে নিজেকে বেঁধে দেশে অনুপ্রবেশের চেষ্টা বাংলাদেশিরা। বিএসএফ-এর হাতে পাকড়াও অভিযুক্ত। কখনও আধার কার্ড নকল করে, কখনও ট্রাকের মধ্যে ত্রিপল চাপা দিয়ে ভারতে প্রবেশের চেষ্টা চলেছে। যদিও তা বানচাল



করেছে বর্ডার সিকিউরিটি ফোর্স। সীমান্তে কড়া নজর ভারতীয় সীমান্তরক্ষী বাহিনীরা। চলছে দফায়-দফায় তল্লাশি। সেই কারণেই কি নতুন পদ্ধতি অনুপ্রবেশকারীদের? ভারতীয় ট্রাক যোগুলি বাংলাদেশে সামগ্রী খালি করে ভারতে ফিরছে, সেগুলির তলায় নিজেদের কাপড়ের সঙ্গে মুড়ে বেঁধে সীমান্ত পেরোবার চেষ্টা অনুপ্রবেশকারীদের। দক্ষিণ দিনাজপুরের হিলি প্রান্তে ধরা পড়ল এমনই ছবি। অভিযুক্তের নাম লাবলু মিঞা। তার বাড়ি বাংলাদেশের গাইবান্ধায়। জানা গিয়েছে, খালি ট্রাকের তলায় নিজেকে বেঁধে রেখেছিল ওই অনুপ্রবেশকারী। হিলি সীমান্ত ইন্সট্রেক্টেড চেকপোস্টে সীমান্ত রক্ষী বাহিনী খালি ট্রাকগুলি তল্লাশি করতেই ওই বাংলাদেশিকে ধরে ফেলে। এরপর বিএসএফ অভিযুক্তকে ধরে বর্ডার গার্ড অফ বাংলাদেশের হাতে তুলে দেয়।

মোবাইল চুরি করে আর্থিক জালিয়াতি, ধৃত যুবক

দূরন্ত বার্তা, আলিপুরদুয়ার, ১১ আগস্টঃ মোবাইল ফোন চুরি করে আর্থিক জালিয়াতি করার দায়ে এক যুবক কে গ্রেফতার করল আলিপুরদুয়ার থানার পুলিশ। অবসরপ্রাপ্ত এক সরকারি পরিবহন কর্মীর মোবাইল চুরি করে, তার প্রাপ্য পেনশনের পুরো টাকাই তার ব্যাংক একাউন্ট থেকে উঠাও করে দেয় ওই যুবক।টাকার পরিমাণ ৩১ হাজার। এই ঘটনায় রবিবার দুপুরে চাঞ্চল্য ছড়ায় শহরের শোভাগঞ্জ এলাকায়। জানাগিয়েছে ১ আগস্ট উত্তরবঙ্গ রাস্ত্রীয় পরিবহন সংস্থার অবসর প্রাপ্ত কর্মী বিশ্বজিৎ দাসের হাটখোলার বাড়ি সলগন্ড দোকান থেকে তার মোবাইলটি চুরি হয়ে যায়।এর কয়েকদিন পর দেখা যায় ব্যাংক একাউন্ট থেকে পেনশনের ৩১ হাজার টাকা উঠাও হয়ে গেছে। এরপর আলিপুরদুয়ার থানায় লিপিত অভিযোগ করলে জানাযায়, শোভাগঞ্জের এলাকার দুটো অনলহিন পেমেন্টের দোকান থেকে এই টাকা কেউ তুলে নিয়েছে। পুলিশ ঘটনার তদন্তে নেমে জানতে পারে এক যুবক একটি মোবাইল নিয়ে এসে রীতিমতো পিনকোড দিয়ে মোবাইল ফোন স্ক্যান করে ডিজিটালি টাকা ট্রান্সফার করে দোকান মালিকের একাউন্ট নম্বরে। এরপর দোকান মালিক ওই যুবককে ক্যাশ টাকা দিয়ে দেন। পুলিশ গোটা ঘটনার কথা দোকান মালিকদের জানালে তারা বিস্মিত হয়ে যান।

OFFICE OF THE
DHULAURI GRAM
PANCHAYAT
Domkal, Murshidabad
NOTICE INVITING e-TENDER
NO-01/15TH CFC/2024-25
For and on behalf of the Pradhan,
Dhulauri Gram Panchayat, invites
sealed percentage rate tenders for
total 5(Five)Nos. similar works.
Source of Fund: 15 th CFC. Inter-
tending bidders may download tender
documents from e-procurement
portal of our website http://
wbenders.gov.in from 09.08.2024
at 12.00 Hours to 22.08.2024. up to
12.00 Hours. The pre-qualification
documents alone will be opened on
27.08.2024 at 10.00 hours.
Sd/- Pradhan
Dhulauri Gram Panchayat

বাংলাদেশ সীমান্তের আকাশে কী? অদ্ভুত আলো দেখে তুমুল হইচই নদিয়ায়

দূরন্ত বার্তা, কৃষ্ণগঞ্জ, ১১ আগস্টঃ তখন মধ্যরাত্ হঠাৎ করেই আকাশে অলে উঠল অদ্ভুত আলো। যা দেখে আতঙ্কিত এলাকাবাসী। ঘটনাটি ঘটেছে নদিয়ার কৃষ্ণগঞ্জে ভারত-বাংলাদশ সীমান্ত এলাকায়। একদিকে যখন সেখানকার মানুষ চিত্তিত অনুপ্রবেশ নিয়ে, তখনই মাঝ আকাশে এই আলোর ঝলকানি



দেখে কার্যত চাঞ্চল্য এলাকায়। তবে কি ফ্লোনাট্? নাকি কোনও অস্ত্ৰ? নাকি অন্য কিছু? এই প্রশ্নই চাগাড় দিতে শুরু করে বাসিন্দাদের মনে। তবে এলাকায় গিয়ে পরিস্থিতি শান্ত করে বিএসএফ। বিএসএফ সূত্রে খবর, ১৫ই আগস্টের জন্য কড়া নিরাপত্তার বেষ্টনীতে মোড়া রয়েছে ভারত-বাংলাদেশ সীমান্ত। নজরদারি রাখতে সেই কারণে বিশেষ লাইট

আধিকারিকদের কাছ থেকে আশ্বাসবার্তা পাওয়ার পরেই স্বস্তির নিঃশ্বাস ফেলেন গ্রামবাসীরা। প্রসঙ্গত, গত সোমবার প্রাক্তন প্রধানমন্ত্রী শেখ হাসিনা ইত্তফা দিতেই টালমাটাল পরিস্থিতি তৈরি হয়। দেশ ছাডেন সেদেশের প্রাক্তন প্রধানমন্ত্রী। এরই মধ্যে কড়া হয় বন্ধ-বাংলাদেশ সীমান্তের নিরাপত্তা। অনুপ্রবেশ রুখতে তৎপর হয় পুলিশ।

পুকুর থেকে তরুণীর দেহ উদ্ধার, চাঞ্চল্য ময়নাগুড়িতে



দূরন্ত বার্তা, জলপাইগুড়ি, ১১ আগস্টঃ পুকুর থেকে তরুণীর মৃতদেহ উদ্ধার। তা ঘিরে চাঞ্চল্য ছড়িয়েছে ময়নাগুড়িতে। জানা গিয়েছে, মৃতের নাম বুঝা যায় (২০)। তিনি ময়নাগুড়ি ব্লকের কালিরহাট দ্বারিকামারি গ্রামের বাসিন্দা। পরিবার ও প্রতীবেশীদের সূত্রে জানা গিয়েছে, বুঝার কিছু মানসিক সমস্যা ছিল। শনিবার সকাল থেকেই নির্মোজ ছিলেন বুঝা। দিন পেরিয়ে বিকাল হওয়ার পর মেয়ে বাড়িতে ফিরে না আসায় চিন্তা বাড়তে থাকে। এরপর রাতে বিভিন্ন জায়গায় খোঁজ খবর করলেও কোনও সন্ধান পাওয়া যায়নি বুঝার। রবিবার সকালে বাড়ির কাছাকাছি এক পুকুরে দেহ দেখতে পান স্থানীয় বাসিন্দারা। এরপর খবর দেওয়া হয় বাড়ির লোককে। তারা গিয়ে দেহ শনাক্ত করেন। পুলিশকে খবর দেওয়া হয়। পুলিশ গিয়ে দেহ উদ্ধার করে ময়নাতদন্তের জন্য জলপাইগুড়ি মর্গে পাঠায়। বুঝার কি জলে ডুবে মৃত্যু হয়েছে, নাকি তাকে খুন করে দেহ জলে ফেলে দেওয়া হয়েছে, সেই বিষয়টি খতিয়ে দেখছেন তদন্তকারীরা। দেহে কোনও আঘাতের চিহ্ন রয়েছে কিনা, সেই বিষয়টিও খতিয়ে দেখা হচ্ছে।

রাস্তার ধারে চায়ের দোকান, চলত রমরমিয়ে, তার আড়ালেই চলত নেশার ব্যবসা

দূরন্ত বার্তা, মালবাজার, ১১ আগস্টঃ রাস্তার ধারে চলছে চায়ের দোকান। ঠিক যেমনটা হয়ে থাকে। লোকজন আসে। আড্ডা-গল্প সবই চলে। তবে তার ভিতরে যে এই কারবার চলত কে বুঝবে। অভিযোগ, উঠল চায়ের দোকানের আড়ালেই চলছিল নেশার গুণ্ধের কারবার। ঘটনায় প্রেক্ততার একজন। জলপাইগুড়ির মালবাজার শহরের ঘটনা। জানা যাচ্ছে, বেশ কয়েকদিন ধরে মাল খানা থেকে ঢিল ছুটা দূরত্বে এক চায়ের দোকানের আড়ালে চলছিল নিষিদ্ধ কফ সিরাপ সিরাপ ও নেশার ট্যাবলেটের কারবার। এদিন আচমকা মালবাজার থানার পুলিশ অভিযান চালিয়ে বাজেয়াপ্ত করে বিপুল পরিমাণে নেশার গুণ্ধ। যার জেরে প্রেক্ততার হয় এক ব্যক্তি। ওই চায়ের দোকানটি অদেশ রাউত নামের এক ব্যক্তি। দীর্ঘদিন ধরেই এই নেশার গুণ্ধের কারবারের সঙ্গে যুক্ত বলে সন্দেহ ছিল পুলিশের। বেশ কয়েকদিন ধরে সাদা পোশাকের পুলিশ তার গতিবিধির ওপর নজর রাখছিল। মালবাজার শহরের ঘড়িমাড় এলাকায় তার চায়ের দোকানেই মজুত করা ছিল এই স্টেরয়েড জাতীয় ট্যাবলেট এবং কাফসিরাপ। শনিবার রাতে আচমকাই আইসি সমীর তামাং-এর নেতৃত্বে হানা মেয় মালবাজার থানার পুলিশ। তারপরই উদ্ধার হয় সেটি। পুলিশ সূত্রে জানা গিয়েছে, ধৃত অদেশ রাউতকে আজ জলপাইগুড়ি আদালতে পেশ করা হয়।

রামপুরহাটে গীতাঞ্জলি শিক্ষায়তনের বর্ষানুষ্ঠান



দূরন্ত বার্তা, রামপুরহাটঃ এক বেসরকারি অনুষ্ঠান ভবনে বর্ষাবিশ্বনায এসো শ্যামল সুন্দর পরিবেশনায় দর্শক মাতালো গীতাঞ্জলি শিক্ষায়তন। গীতাঞ্জলি শিক্ষায়তনের ৪৬ জন কলাকুশলী এতে অংশ গ্রহণ করে। অনুষ্ঠানের দিন ৪৬টি বৃক্ষ রোপন করা হয়। অনুষ্ঠান অনুষ্ঠান সঞ্চালনায় ছিলেন মৌমিতা সরকার। তবলায় ছিলেন সুমন্ত মুখোপাধ্যায় ও রুপম ধীবা। সমগ্র অনুষ্ঠান পরিচালনায় ছিলেন প্রিয়ঙ্কা মুখোপাধ্যায়।

অংশগ্রহণে গীতাঞ্জলী কলাকুশলীরা হলেন ঋষভ, বহিষ্ঠা, চিত্রাঙ্গী, আদিত্য, আরুশি, নির্মালা, সঞ্জয়নী, অম্মি, শ্রীপর্ণা, সৌজিত্য, সুজা, ঐশী, সোনিকা, আরাধ্যা, সোম দত্তা, বোপঞ্জন, প্রীতি, অক্ষিতা, উমা, শুভজিত, অহনা, লিঙ্গা, বিকাশ, বিনীতা, সমুদ্রী, পত্নী, শুভদ্রী, সুরশ্রী, ময়ূক্ষী, প্রেরণা, পূজা, সাম্রিতা, সমুদিতা, শতদ্রপা, রুপালি, শ্রেয়া, শুভদ্রী, মৌমিতা, মৌমা, প্রতীক্ষা, ও সোমা চক্রবর্তী।

NOTICE OF INVITING e-TENDER
Amgachia Gram Panchayat has invited 3 nos. N.I.e.T. on 09.08.2024 vide N.I.e.T. No. 1101/AGP/TN/2024 SL. NO. 1 to 3 scheduled to be opened on 27.08.2024 and last date of submission is on 23.08.2024 (upto specified time in portal). For more details visit-
<https://wbenders.gov.in>.
Sd/-
Pradhan
Amgachia Gram Panchayat

জলপাইগুড়ি জেলার ভারত ভুটান সীমান্তে উত্তেজনা, ফ্লোভে ফুসছে গ্রাম

দূরন্ত বার্তা, জলপাইগুড়ি, ১১ আগস্টঃ বাংলাদেশের পর এবার ভুটান পুলিশের হাতে আক্রান্ত হবার অভিযোগ উঠলো পাঁচ ভারতীয় ছাত্রের, উত্তেজনা জলপাইগুড়ির ভারত-ভুটান সীমান্তে, ঘটনাস্থলে আধা সেনা, রাজ্যে পুলিশ। স্থানীয় সূত্রে জানা গিয়েছে, জলপাইগুড়ি জেলার নাগরাকাটা থানার অন্তর্গত চাংমারি চা বাগানে রয়েছে পার্শ্ববর্তী দেশ ভুটানে যাবার জন্য একটি নির্দিষ্ট গেট, সেই গেট দিয়েই শনিবার চাংমারি চা বাগানের পাঁচ ছাত্র অন্যান্য দিনের মতো ভুটানে প্রবেশ ক রে ছিলো আর পাঁচ জন ভারতীয়ের মতই। তবে সন্দের সময় উক্ত পাঁচ ছাত্র চা বাগানে ফিরে এসে অভিযোগ করে বলে ভুটান পুলিশ তাদেরকে শারীরিক ভাবে নির্যাতন করেছে। এরপরই রবিবার চা বাগানের শ্রমিক এবং স্থানীয় বাসিন্দারা, ভারত-ভুটান সীমান্ত গেট বন্ধ করে যাবতীয় যাতায়াত শুরু করে দিয়ে বিক্ষোভ শুরু করেছে। ঘটনা প্রসঙ্গে জেলা পুলিশ সুপার



উমেশ খান্ডাভালে জানিয়েছেন, স্থানীয় সমস্যা এর সঙ্গে কোনো আন্তর্জাতিক বিষয় যুক্ত নয়, জলপাইগুড়ি জেলার অধীন ভারত বাংলাদেশ এবং ভারত-ভুটান উভয় সীমান্ত স্বাভাবিক রয়েছে, পুলিশের

নজরদারি চলছে। অপরদিকে চাংমারী চা বাগান সংলগ্ন ভুটান সীমান্ত গেটের ঘটনা প্রসঙ্গে জলপাইগুড়ি জেলা পরিষদের প্রাক্তন মেন্টর অমর নাথ ঝা জানান, পাঁচ ছাত্র নিয়মমাফিক পরিচয়

দেখিয়ে ভুটানে প্রবেশ করেছিল, ফিরে আসার সময় ভুটান পুলিশ তাদের আটকে চর থাঙ্গড় মাঝে বলে ছাত্ররা বাড়ি ফিরে অভিযোগ করলে শনিবার রাত থেকেই ভুটানের সঙ্গে যোগাযোগের গেট বন্ধ করে দেওয়া

হয়, রবিবার ও গেট বন্ধ থাকে পাশাপাশি ভুটান ভারতের মধ্যে যাতায়াতকারী যানবাহন বন্ধ রাখা হয়েছে, ঘটনাস্থলে এসএসবি, এবং স্থানীয় নাগরাকাটা থানার পুলিশ উত্তেজনা প্রশমনের চেষ্টা করছে। ঘটনা প্রসঙ্গে আক্রান্ত পাঁচ ছাত্রের প্রতিবেদী কৈলাশ সুকা ফ্লোভের সঙ্গে জানান, “আমাদের ছেলেরা ভুটানে গিয়েছিল, সেখানে ভুটানী রক্ষীদের সঙ্গে যে কোনো কারনেই বচসা হয়, হতেই পারে, এ-ই ব্যাপারে ভুটান রক্ষীরা এপারে আমাদের বা এসএসবি-কে জানাতো, কিন্তু ওরা আমাদের ছেলেরের গায়ে হাত দিয়েছে কেনো, এটার কোনো অধিকার তো ভুটান পুলিশের নেই।” একই ফ্লোভ উগরে দিয়ে আরেক চাংমারী চা বাগানের বাসিন্দা বলেন, “আমাদের ভাইরা ভুটানে যায় এবং কালকেও গিয়েছিল, সেখান কি এমন হয়েছে যে ভুটান পুলিশ আমাদের ভাইদের মেরেছে, এটা কেনো করবে?”

রামপুরহাট হাসপাতালে আন্দোলন অব্যাহত

দূরন্ত বার্তা, রামপুরহাট, ১১ আগস্টঃ আরজি কর মেডিক্যাল কলেজ ও হাসপাতালে মহিলা চিকিৎসককে খুনের ঘটনায় জড়িতদের প্রেক্ততারে করে শাস্তির দাবিতে রবিবারও আন্দোলন অব্যাহত বীরভূমের রামপুরহাট গভর্নমেন্ট মেডিক্যাল কলেজ ও হাসপাতালের চিকিৎসকদের। এদিন আন্দোলনের দ্বিতীয় দিন। সরকারী হাসপাতালে মহিলা চিকিৎসকদের নিরাপত্তা সুনিশ্চিত করার দাবীও জানিয়েছেন আন্দোলন করছেন চিকিৎসকরা। সেই দাবীতে শনিবার থেকে মিছিল করে প্রতিবাদ শুরু করেছিলেন তারা। সন্ধ্যায় মেমবাবতি জালিয়ে

মিছিলের পর হাসপাতালের মূল প্রবেশ পথ বন্ধ করে তার সামনে অবস্থান বিক্ষোভ শুরু করেন চিকিৎসকেরা। তবে মূল প্রবেশ পথ বন্ধ করে দেওয়া হলেও খুলে রাখা হয়েছে জরুরী বিভাগের প্রবেশ পথ। সে প্রবেশ পথ দিয়ে যাতায়াত করতে হচ্ছে রোগী ও তাদের পরিবারের লোকজনদের। আন্দোলনরত চিকিৎসকদের দাবী আরজি কর হাসপাতালে মহিলা চিকিৎসক খুনে অভিযুক্তদের প্রেক্ততার করে তাদের দৃষ্টান্তমূলক শাস্তি দিতে হবে এবং সরকারি হাসপাতালে মহিলা চিকিৎসকদের নিরাপত্তা সুনিশ্চিত করার পরেই আন্দোলন প্রত্যাহার করবেন তারা।

ওয়ার্ডে প্যাণ্টের চেইন খুলে খুদে রোগীর মাকে অশ্লীল অঙ্গভঙ্গি!



দূরন্ত বার্তা, কাটোয়া, ১১ আগস্টঃ সন্তান জন্মটি তাই তার সঙ্গে ওয়ার্ডেই ছিলেন মা। আর অন্যদিকে ভর্তি এক বয়স্ক ব্যক্তি, যার জামাই তাঁকে ভর্তি করেয়েছিলেন। অপর বেডে ভর্তি থাকা শিশুরকে দেখতে এসে নিজের প্যাণ্টের চেনে খুলে শিশুর মাকে দেখিয়ে অশ্লীল অঙ্গভঙ্গি করার অভিযোগ উঠল এক ব্যক্তির বিরুদ্ধে। আর জি কর কাণ্ডে যখন তোলপাড় বাংলা, তখন এহেন অভিযোগ উঠল কাটোয়া মহকুমা হাসপাতালে। জানা যাচ্ছে, মহিলা চিকিৎসকার চৌমাচি হতেই শোরশোল পড়ে যায় গোটা হাসপাতাল চত্বরে। অভিযুক্তকে মারধর করে হাসপাতাল থেকে বের করে দেওয়া হয় বলেও অভিযোগ। জানা গিয়েছে, ওই ব্যক্তির বাড়ি কাটোয়া থানার মুলটি গ্রামে। আর জি কর কাণ্ডের পর চিকিৎসকরাই নিরাপত্তাহীনতায় ভুগছেন। সে কথা সামনে এসে বলছেন চিকিৎসক পড়ুয়ারাই।

রোগীর আত্মীয় পরিজনরাও নিরাপত্তাহীনতায় ভুগছেন। গোটা ঘটনায় কাটোয়া থানায় অভিযোগ দায়ের করেছে ওই মহিলা। গোটা ঘটনার তদন্ত শুরু করেছে কাটোয়া থানার পুলিশ। অভিযোগের খোঁজে তল্লাশি চলছে। তবে হাসপাতালে রোগীর পরিজনদের বক্তব্য, হাসপাতালে প্রচুর লোকের সমাগম। কে কেমন, তা বোঝা কঠিন। কিন্তু হাসপাতালের নিরাপত্তা ব্যস্থা আরও ঠিক করতে হবে। অভিযোগকারিনীর বক্তব্য, আমার সন্তানের বমি পায়খানা হচ্ছিল, আমার মেয়েকে ভর্তি করে নেওয়া হয়। আমাকেও ফিল্মে সার্জিক্যাল ওয়ার্ডে রাখা হয়। উদ্বেগিতিকে মেইল সার্জিক্যাল ওয়ার্ড। আমার মেয়েকে ইঞ্জেকশন দিলে ও ঘুমিয়ে পড়ে। আমি জেগে থাকি। সেখানে এক রোগীর আত্মীয় প্যাণ্টের চেইন খুলে আমাকে নোংরা ইঙ্গিত করতে থাকেন।

ডুরোপ্রাই ইন্ডাস্ট্রিজ লিমিটেড
৩০শে জুন ২০২৪ শেষ হওয়া টেন্ডারসিকের জন্য অনির্ধারিত আর্থিক ফলাফলের বিবৃতির নির্বাল
বিবরণ
১. অ্যাপারেশন থেকে মোট আয় (নেট)
২. টায়েরস আয়ে সাধারণ জিয়ারকাল থেকে নিট লাভ () (ক্টি)
৩. টায়েরস পুরে সাধারণ জিয়ারকাল থেকে নিট লাভ () (ক্টি)
৪. সময়ের জন্য মোট ব্যবসার আয় (মাইনাস সময়ের জন্য লাভ () (ক্টি) এবং অন্যান্য ব্যবসার আয় (কোরর পরে)
৫. ইকুইটি শেয়ার মূলধন (হেস ভান্স ১০ টাকার প্রতি শেয়ার)
৬. শেয়ার প্রতি আয় (প্রতিটি ১০ টাকা) (চলমান এবং বন্ধ অপারেশনের জন্য) (বার্ষিক নর) টাকায়
-মৌলিক
-মিশ্রিত
৭. মূলধন
৮. উপগ্রহত ফলাফলগুলি আউট কন্ট্রি দ্বারা পর্যালোচনা করা হয়েছে এবং পরবর্তীতে ১০ই আগস্ট ২০২৪ তারিখে অনুষ্ঠিত তাদের নিজ নিজ সভায় পর্যালোচনা পূর্ণ করা অনুমোদিত হয়েছে।
৯. উপগ্রহত কন্ট্রোলিং বোর্ডের সভাপতিগণ এবং প্রকল্পের প্রয়োজনীয়তা (একগুণেই) প্রকল্পেরনক, ২০১৪ এর প্রকল্পেরনক ৩৬ এর ধারীনে সনদ প্রকল্পের নায়ের করা টেন্ডারিক আর্থিক ফলাফলের বিপরীত হিসাবের একটি নির্দেশ। টেন্ডারিক কন্ট্রোলিং বোর্ডের সম্পূর্ণ নির্দেশ এখন উপগ্রহত সনদ প্রকল্পের প্রয়োজনীয়তা www.bseindia.com এবং কোম্পানির ওয়েবসাইটে www.duroprai.in
১০. আর্থিক ফলাফলগুলি ভারতীয় অ্যাকাউন্টিং সিস্টার্ড ৩০-মাস্ট্রী আর্থিক প্রতিবেদনে দেওয়া সীমিত এবং পরিমার্ণের নীতি অনুসারে প্রস্তুত করা হয়েছে, কোম্পানি আইন, ২০১৩ এর ধারা ১৩৬ এবং সীমিত বিপরীত কোম্পানি (রেজিস্টার অ্যাকাউন্টিং সিস্টার্ড) বিধিমালা, ২০১৫, সময়ে সময়ে সংশোধিত হিসাবে, এবং অন্যান্য অ্যাকাউন্টিং নীতিগুলি সাধারণত ভ্রান্তে পৃষ্ঠিত হয়।
১১. যেহেতু কোম্পানির ৩০শে জুন ২০২৪-এ শেষ হওয়া টেন্ডারসিকের জন্য একক রিপোর্টিংগে অপেক্ষিত রয়েছে, তাই অ্যাকাউন্টিং সেমেন্টেই বার্ষিক এবং ১০৬-এর সেমেন্টেই অর্থায়ী প্রকল্পের প্রয়োজনীয়তা এটির জন্য প্রযোজ্য নহা।
১২. যেখানে প্রকল্পের সেখানে পূর্ববর্তী সময়ের পরিসংখ্যান পুনঃশ্রেণীকরণ / পুনঃগণনা করা হয়েছে।
পরিচালনা পর্ষদের অদেশ দ্বারা চিহ্নাঙ্কিত
ম্যানেজিং ডিরেক্টর এবং সিও
ডিসাইনিং
তারিখঃ ১০ই আগস্ট, ২০২৪

KOLKATA MUNICIPAL CORPORATION e - TENDER
ABRIDGED NIT
The Executive Engineer (Civil), BR-V, KMC invites e-tender online percentage rate two bid system for the following works:
(1) NIT No.: KMC/EE(C)/Br-V/036/09/2024-2025
Name of the Work : Restoration of passages to be disturbed due to Water Supply Department at 136 Bellighat Road and 5 Sibitla Lane in Ward No. 36; Estimated Cost (including GST and CESS) : Rs. 3,13,744.58; Earnest Money : Rs. 7,000.00; Period of Completion : 45 Days;
(2) NIT No.: KMC/EE(C)/Br-V/037/09/2024-2025
Name of the Work : Repairing of paver block footpath at 132B Keshab Chandra Sen Street to 170 Keshab Chandra Sen Street in Ward No. 37 under Borough-V; Estimated Cost (including GST and CESS) : Rs. 3,30,358.64; Earnest Money : Rs. 7,000.00; Period of Completion : 30 Days;
(3) NIT No.: KMC/EE(C)/Br-V/037/13/2024-2025
Name of the Work : Repairing of I.P. and concrete at 13, 15 Ramnath Biswas Lane and other different places in Ward No. 37 under Borough-V; Estimated Cost (including GST and CESS) : Rs. 3,48,481.11; Earnest Money : Rs. 7,000.00; Period of Completion : 30 Days;
(4) NIT No.: KMC/EE(C)/Br-V/037/14/2024-2025
Name of the Work : Development of catch pit and ancillary work 77 Patat Danga Street in Ward No. 37 under Borough-V; Estimated Cost (including GST and CESS) : Rs. 2,97,829.73; Earnest Money : Rs. 6,000.00; Period of Completion : 30 Days;
(5) NIT No.: KMC/EE(C)/Br-V/040/05/2024-2025
Name of the Work : Development of sewer line and ancillary work at 10, Pratap Chatterjee Lane to 2B Pratap Chatterjee Lane in Ward No. 40, Borough-V; Estimated Cost (including GST and CESS) : Rs. 4,59,901.76; Earnest Money : Rs. 10,000.00; Period of Completion : 30 Days;
(6) NIT No.: KMC/EE(C)/Br-V/040/08/2024-2025
Name of the Work : Thorough repairing of kerb and channel from Sri Gopal Mallick Lane to Harish Sdkdar Path in Ward No. 40; Estimated Cost (including GST and CESS) : Rs. 2,29,833.06; Earnest Money : Rs. 5,000.00; Period of Completion : 30 Days;
(7) NIT No.: KMC/EE(C)/Br-V/044/01/2024-2025/BUSTEE
Name of the Work : Development of bustee sewer at 28/1 Giribabu Lane to 65 C. R. Avenue and 8/2 Bhawani Dutta Lane to 100 M. G. Road in Ward No. 44; Estimated Cost (including GST and CESS) : Rs. 4,98,857.53; Earnest Money : Rs. 10,000.00; Period of Completion : 60 Days;
(8) NIT No.: KMC/EE(C)/Br-V/044/01/2024-2025/D
Name of the Work : Thorough repairing of road surface and ancillary works at Krishna Behari Sen Street (Southern Side of Md. Ali Park) in Ward No. 44; Estimated Cost (including GST and CESS) : Rs. 2,47,666.59; Earnest Money : Rs. 5,000.00; Period of Completion : 30 Days;
(9) NIT No.: KMC/EE(C)/Br-V/040/07/2024-2025
Name of the Work : Repairing and restoration of paver block footpath and IPS at M. G. Road and adjacent area in Ward No. 40; Estimated Cost (including GST and CESS) : Rs. 2,99,706.51; Earnest Money : Rs. 6,000.00; Period of Completion : 45 Days; Last Date and Time of submission of Bid : 27.08.2024 at 11 a.m. (for Sl. no. 1 to 9); Date and Time of opening of Tender : 29.08.2024 at 11 a.m. (for Sl. no. 1 to 9); The bid forms and other details are available on and from 13.08.2024 at 5 p.m. (for Sl. no. 1 to 9); The website <https://etender.wb.nic.in> (for Sl. no. 1 to 9);
The Executive Engineer (Civil), BR-VII, KMC invites e-tender online percentage rate two bid system for the following works:
(1) NIT No.: KMC/EE(VII)/66/13/24-25/R
Name of the Work : Improvement of sewer line at 41A/2, G. J. Khan Road and surroundings in Ward No. 66; Estimated Cost (including GST and CESS) : Rs. 2,89,318.76; Earnest Money : Rs. 5,800.00; Period of Completion : 45 Days;
(2) NIT No.: KMC/EE(VII)/57/18/24-25/B
Name of the Work : Repairing of Bustee passage at 6/1, 2, K.T. 2nd and its surrounding in Ward No. 57; Estimated Cost (including GST and CESS) : Rs. 2,91,476.47; Earnest Money : Rs. 5,900.00; Period of Completion : 60 Days;
(3) NIT No.: KMC/EE(VII)/66/10/24-25/B
Name of the Work : Removal of chockage and maintenance of sewerage system at G. J. Khan Road, PG 1st and 3rd Lane, P. G. Road Bustee and surrounding areas in Ward No. 66; Estimated Cost (including GST and CESS) : Rs. 1,99,431.63; Earnest Money : Rs. 4,000.00; Period of Completion : 60 Days;
(4) NIT No.: KMC/EE(VII)/66/9/24-25/B
Name of the Work : Supplying of labour for desilting of C. P, GP at G. J. Khan Road, P. G. Road, Ganesh Ghosh Lane and surroundings Bustee in Ward No. 66; Estimated Cost (including GST and CESS) : Rs. 1,99,430.00; Earnest Money : Rs. 4,000.00; Period of Completion : 90 Days;
(5) NIT No.: KMC/EE(VII)/57/13/24-25/B
Name of the Work : Repairing of bustee passage at 25-28 D. C. Dey and its surrounding in Ward No. 57; Estimated Cost (including GST and CESS) : Rs. 2,99,242.55; Earnest Money : Rs. 6,000.00; Period of Completion : 60 Days;
(6) NIT No.: KMC/EE(VII)/57/18/24-25/B
Name of the Work : Removal of chockage in drainage system at 7/1, K. T. Lane and its surrounding in Ward No. 57 : Estimated Cost (including GST and CESS) : Rs. 2,32,184.95; Earnest Money : Rs. 4,700.00; Period of Completion : 60 Days;
(7) NIT No.: KMC/EE(VII)/66/6/24-25/B
Name of the Work : Repairing of bustee sanitary latrine at South Tangra Road, P. G. Road, Sridhar Roy Road Bustee and its surrounding areas in Ward No. 66; Estimated Cost (including GST and CESS) : Rs. 2,99,242.55; Earnest Money : Rs. 6,000.00; Period of Completion : 60 Days;
(8) NIT No.: KMC/EE(VII)/57/19/24-25/B
Name of the Work : Desilting of drainage system at 6/1, 3, K. T. 2nd and its surrounding bustee area in Ward No. 57; Estimated Cost (including GST and CESS) : Rs. 1,69,610.47; Earnest Money : Rs. 3,400.00; Period of Completion : 60 Days; Last Date and Time of submission of Bid : 21.08.2024 up to 12 noon (for Sl. no. 1 to 8); Tender will be opened on : 23.08.2024 at 12 noon (for Sl. no. 1 to 8); The bid forms and other details are available on and from 10.08.2024 at 6.55 p.m. (for Sl. no. 1 to 8); The website <https://etender.wb.nic.in> (for Sl. no. 1 to 8);
The Executive Engineer (Civil), BR-XVI, KMC invites e-tender online percentage rate two bid system for the following works:
(1) NIT No.: KMC/E.E(C)/BR-XVI/126/031/24-25
Name of the Work : Maintenance of surface drain at bye lanes of Dakshin Behala Road near premises no. 282 in Ward No. 126; Estimated Cost (including GST and CESS) : Rs. 2,98,265.70; Earnest Money : Rs. 6,000.00; Period of Completion : 30 Days;
(2) NIT No.: KMC/E.E(C)/BR-XVI/144/014/24-25
Name of the Work : Restoration of road by C. C. at Srichandra Pally Road, Babur Bagan Road Bye Lanes near premises No. 36 in Ward No. 144; Estimated Cost (including GST and CESS) : Rs. 4,82,992.77; Earnest Money : Rs. 10,000.00; Period of Completion : 35 Days; Last Date and Time of submission of Bid : 24.08.2024 at 12 noon (for Sl. no. 1 & 2); The Tender will be opened on : 27.08.2024 at 12 noon (for Sl. no. 1 & 2); The bid forms and other details are available on and from 16.08.2024 at 5 p.m. (for Sl. no. 1 & 2); The website <https://etender.wb.nic.in> (for Sl. no. 1 & 2)
The Executive Engineer (Civil), BR-VI, KMC invites e-tender online item rate two bid system for the following works:
(1) NIT No.: KMC/BR-VI/061/018/2024-2025/R
Name of the Work : Painting of road side grill and kerb stone along Park Street (both side) ensuing festivals in Ward No. 61; Estimated Cost (including GST and CESS) : Rs. 4,98,650.00; Earnest Money : Rs. 10,000.00; Period of Completion : 150 Days;
(2) NIT No.: KMC/BR-VI/062/000/2024-2025/D
Name of the Work : Restoration of disturbed and undulated paverblock and concrete footpath at different ward under Borough-V; Estimated Cost (including GST and CESS) : Rs. 4,46,517.00; Earnest Money : Rs. 9,100.00; Period of Completion : 35 Days; Last Date and Time of submission of Bid : 24.08.2024 at 1 p.m. (for Sl. no. 1 & 2); Tender opened on : 27.08.2024 at 1 p.m. (for Sl. no. 1 & 2); The bid forms and other details are available on and from 10.08.2024 at 6 p.m. (for Sl. no. 1 & 2); The website <https://etender.wb.nic.in> (for Sl. no. 1 & 2)
386/24-25

ফ্যাশন- রূপচর্চা

প্রতিবাদ, দেশপ্রেমসবকিছুই ঠাই পাচ্ছে টি-শার্টে



তরুণদের ওয়ার্ডরোবে সবচেয়ে পরিচিত পোশাক কোনটি? তর্কাতীতভাবেই সে প্রশ্নের উত্তর টি-শার্ট। শুধু তরুণ-তরুণী নন, কিশোর-যুবক থেকে শুরু করে মাঝবয়সী, সবার ওয়ার্ডরোবের বড় একটি অংশ দখল করে আছে টি-শার্ট। তরুণ প্রজন্মের কাছে টি-শার্ট এখন আর শুধু পরিধেয়ই নয়, বার্তাবাহকও।

মূলত গরম থেকে বাঁচতেই টি-শার্টের সৃষ্টি হয়েছিল। ১৯ শতকের শেষ দিকে কারখানার শ্রমিকেরা কারখানার গরম থেকে বাঁচতে নিজেদের জাম্পসুটের হাতা কেটে ছোট করে নিতেন। আন্তে আন্তে শ্রমিক শ্রেণির মধ্যে জনপ্রিয় হতে থাকে এই পোশাক। সর্বস্বত্বের মানুষের কাছে টি-শার্টকে জনপ্রিয় করে তোলেন অভিনেতা মার্লোন

এখন আর ক্যাজুয়াল পোশাক হিসেবে নয়, বরং বার্তাবাহক হিসেবে ব্যবহার হচ্ছে। চলতি ধারার সঙ্গে তাল মিলিয়ে মিলছে অভিনব সব ডিজাইন ও স্টাইল। গত কয়েক বছরে টি-শার্টের ধরনও এসেছে বেশ পরিবর্তন। আটসাঁট টি-শার্টের পরিবর্তে অনেকেই বেছে নিচ্ছেন ড্রপ শোল্ডার টি-শার্ট। ট্রেন্ডের সঙ্গে মিল রেখে প্রতিনিয়তই নিজেদের আপডেট করছেন উদ্যোক্তারা। একজন দোকানদার বলেন, তরুণদের ফ্যাশন বদলে যাচ্ছে। বেশ কিছু উদ্যোক্তা তা মাথায় রেখেই কাজ করছেন। ইন্টারন্যাশনাল ফ্যাশনের সঙ্গে দেশীয় কিছুর মিশ্রণ করে ট্রেন্ড তৈরি করছেন। টি-শার্টে চোখ বোলালেই বোঝা যায়। কার কী পছন্দ-অপছন্দ, কোন দিকে ইটিছে ট্রেন্ড। নির্দিষ্ট কয়েকটি বিষয়কে কেন্দ্র করে টি-শার্ট তৈরি করেন কিছু উদ্যোক্তা।

মূলত তুলা অথবা পলিয়েস্টার দিয়েই তৈরি হয় টি-শার্ট। তবে স্বাস্থ্যদ্রোের দিক থেকে সব সময়ই এগিয়ে আছে তুলা। শতাব্দ্য তুলার তৈরি টি-শার্ট যেকোনো আবহাওয়াতেই মানানসই। তবে জিএসএম (জিএসএম হলো গ্রাম স্কয়ার মিটার, সহজ করে বললেএক স্কয়ার মিটার কাপড়ের ওজন যত গ্রাম, সেটাই তার জিএসএম। আর স্কয়ার মিটার হলো এক মিটার দৈর্ঘ্য ও এক মিটার প্রস্থ বিশিষ্ট কোনো বর্গ) এর ওপর কাপড়ের গুণমান নির্ভর করে। জিএসএম যত বেশি, টি-শার্টের গুণগত মান তত ভালো। বেশির ভাগ টি-শার্টই ১৬০ থেকে ২০০ জিএসএমে তৈরি হয়। আর এক দোকানদার বলেন, ‘আমরা আমাদের টি-শার্টে নিট অ্যান্ড ডায়িং ফ্রেঞ্জ ব্যবহার করে থাকি। এসব টি-শার্ট আগে থেকেই সিলিকন ওয়াশ দেওয়া থাকে। এতে ফ্রেতা

ওয়াশিংন, ১১ আগস্টঃ ডোনাল্ড ট্রাম্পের নির্বাচনী সমাবেশে বাজানো হয়েছে টাইটানিক সিনেমার বিখ্যাত গান ‘মাই হার্ট উইল গো অন’। শনিবার সেলিন ডিওনের পক্ষ থেকে এর নিন্দা জানানো হয়েছে। বিখ্যাত এই শিল্পী গানটির রচয়িতা ও গায়িকা। গানটি ১৯৯৭ সালে মুক্তি পাওয়া হলিউডের সিনেমা টাইটানিকের ‘থিম সং’ হিসেবে পরিচিত। অস্কারজয়ী সিনেমাটির পরিচালক জেমস ক্যামেরন। গত শুক্রবার যুক্তরাষ্ট্রের মটানা অঙ্গরাজ্যে রিপাবলিকান প্রেসিডেন্ট প্রার্থী ডোনাল্ড ট্রাম্পের একটি নির্বাচনী সমাবেশে সেলিন ডিওনের ওই গানের একটি ভিডিও বড় পর্যা় দেখানো হয়। ভিডিওতে সেলিন ডিওনকেই গানটি গাইতে দেখা যায়। সমাবেশের ভিডিও অনলাইনে ছড়িয়ে পড়ার পর সামাজিক যোগাযোগমাধ্যমে ট্রাম্পের বিরুদ্ধে নিন্দার ঝড় ওঠে। ডিওনের ব্যবস্থাপনা দল ও সনি মিউজিক এন্টারটেইনমেন্ট কানাডার পক্ষ থেকে সামাজিক যোগাযোগমাধ্যম এক্সে এবং এক বিবৃতিতে বলা হয়, এই গান ও ভিডিও ব্যবহারের কোনো অনুমতি

ছিল না। সেলিন ডিওন এটি বা এ ধরনের কোনো কিছু ব্যবহারের অনুমতি দেন না। সামাজিক

যোগাযোগমাধ্যমে কেউ কেউ ট্রাম্পের নির্বাচনী প্রচারণের ভবিষ্যৎকে টাইটানিক জাহাজের পরিণতির সঙ্গে তুলনা করেছেন। আগামী নভেম্বরে যুক্তরাষ্ট্রে পরবর্তী প্রেসিডেন্ট নির্বাচনের ভোট গ্রহণ অনুষ্ঠিত হবে। নির্বাচনী প্রচারণের শুরুর দিকে ডেমোক্রেটিক পার্টির প্রেসিডেন্ট প্রার্থী জো বাইডেনের তুলনায় প্রতিদ্বন্দ্বিতায় এগিয়ে গিয়েছিলেন ট্রাম্প বিশেষ করে গত জুনে প্রথম নির্বাচনী বিতর্কে ট্রাম্পের সামনে বাইডেনের রীতিমতো ধরাশায়ী হওয়ার পর। ওই বিতর্কের পর নানা সমালোচনা ও দলের ভেতর থেকে চাপের মুখে প্রতিদ্বন্দ্বিতা থেকে সরে দাঁড়ানোর ঘোষণা দেন বাইডেন।

তার জায়গায় দলের প্রার্থী হিসেবে সামনে চলে আসেন তারই ভাইস প্রেসিডেন্ট কমলা হ্যারিস।

কমলা প্রার্থী হওয়ার পর জনমত জরিপগুলোয় ট্রাম্পের সঙ্গে জোর টক্কর দিতে শুরু করেন তিনি। এখন তিনি ট্রাম্পকে জনপ্রিয়তাকে ছাপিয়েও যাচ্ছেন।



আজ নামখানা ব্লকের সাত মাইল বাজারে মথুরাপুর লোকসভা কেন্দ্রের নবনির্বাচিত সাংসদ বাপি হালদার কে সর্ব্বনা জ্ঞাপন করলেন ভূপম্লের নেতাকর্মীরা।

লম্বা চুল পছন্দ করেন অনেকেই, আপনি কি ভাবে করবেন চুল লম্বা

অনেকে চুল লম্বা করতে চাইলেও পারেন না। নাগরিক ব্যস্ত জীবনে চুলের জন্য আলাদা সময় বের করাটাও কঠিন সময়। তবে কিছু সহজ উপায় মেনে চললে সহজে চুল লম্বা করা সম্ভব।

নিয়মিত তেল মালিশ

নিয়মিত তেল মালিশ চুলের বৃদ্ধিতে অত্যন্ত কার্যকর। বিভিন্ন ভেজ তেল চুলে পুষ্টি জোগায় ও চুলের বৃদ্ধি বাড়ায়। এক রূপবিশেষজ্ঞ জানান, বিভিন্ন ধরনের তেল মিশিয়ে চুলে ব্যবহার করা যায়। এ জন্য ১ চা-চামচ এক্সট্রা ভার্জিন নারকেল তেল, ১ চা-চামচ কাঁচাবাদাম তেল, ১ চা-চামচ জলপাই তেল হালকা গরম করে নিন। সঙ্গে মেশান অর্ধেক চা-চামচ ক্যাস্টর অয়েল। এই তেল চুলে লাগান। এরপর আধা ঘণ্টা রেখে চুল ধুয়ে ফেলুন। এভাবে এক দিন পরপরই চুলে তেল মালিশ করতে পারেন।



কারণেই চুল পড়া বেড়ে যায়। তাই সপ্তাহে অন্তত এক দিন চুলে প্রোটিন প্যাক লাগানো যেতে পারে। প্যাক লাগানোর আগে চুলে ২ চা-চামচ এক্সট্রা ভার্জিন নারকেল তেল ও ১ চা-চামচ পেঁয়াজের রসের সঙ্গে ৪-৫ ফেঁটা ভিনেগার বা লেবুর রস মিলিয়ে নিন। আধা ঘণ্টা লাগিয়ে রাখুন। এরপর টক দুই, ডিম মিশিয়ে প্যাক বানাতে পারেন। প্যাকটি যেন একটু ঘন হয়, এমনভাবে বানান। এক ঘণ্টা অপেক্ষা করুন। এতে খুশকি দূর হওয়ার পাশাপাশি প্যাকের কার্যকারিতাও বেড়ে যাবে বলে জানান তিনি।

পুষ্িকর খাদ্যাভ্যাস গড়ে তুলুন

খাদ্যাভ্যাস চুলের বৃদ্ধিতে বড় ভূমিকা রাখে। শাকসবজি, ফলমূল,

শিলং শহরে দুর্ব্বৃত্তদের পেট্রোল বোমা জেএন বাউড়ির আবক্ষ মূর্তিতে

শিলং, ১১ আগস্টঃ শিলং শহরের ব্যস্ততম এলাকা ধানখেতিতে সংস্থাপিত জেএন বাউড়ির আবক্ষ মূর্তিতে পেট্রোল বোমা ছুঁড়েছে কতিপয় দুর্ব্বৃত্ত। ঘটনা আজ রবিবার ভোর প্রায় চারটা নাগাদ সংগঠিত হয়েছে বলে জানিয়েছে শিলং থানার পুলিশ। পেট্রোল বোমায় জেএন বাউড়ির আবক্ষ মূর্তির বিশেষ ক্ষতি হয়নি। তাছাড়া বাউড়ির আবক্ষ মূর্তি-লাগোয়া একটি এটিএম বুথে অজ্ঞাতপরিচয় দুষ্ট্বীতরা পাথর ছুঁড়ে বেশ ক্ষতি করেছে। ঘটনার পর পুলিশের কর্মকর্তারা ফরেনসিকের এক দল নিয়ে তদন্ত শুরু করেছেন। পুলিশ এ ধরনের অপরাধমূলক কাজে জড়িতদের শনাক্ত করে গ্রেফতারের জন্য এলাকা সংস্থাপিত সিসিটিভি ফুটেজ সংগ্রহ করেছে। পুলিশের তদন্তকারী আধিকারিক বলেন, সিসিটিভি ফুটেজ দেখে খুব শীঘ্র তারা দুষ্ট্বীদের শনাক্ত করে গ্রেফতার করতে সক্ষম হবেন।

অস্ত্রোপচারের মধ্য দিয়ে পেট থেকে বের হলো তোয়ালে

আলিগড়, ১১ আগস্টঃ অস্ত্রোপচারের মধ্য দিয়ে সন্তান জন্মানের পর বাড়ি ফিরে আসেন এক নারী। কিন্তু দিন দিন তার অবস্থা খারাপ হতে থাকে। পেটে ব্যথা বাড়তেই থাকে। পরে ভর্তি করা হয় আরেকটি হাসপাতালে। সেখানে আবারও তার অস্ত্রোপচার করা হয়। পেট থেকে বের করা হয় তোয়ালে। আলিগড় জিটি রোডে শিব মাহিমা হাসপাতালে ঘটে এ ঘটনা ঘটে। বিকাশ কুমারের স্ত্রী সম্প্রতি অস্ত্রোপচারের মাধ্যমে যমজ সন্তানের জন্ম নেন। অস্ত্রোপচারের সময় চিকিৎসকেরা খামখেয়ালিবশত একটি তোয়ালে তাঁর পেটের ভেতর রেখেই সেলাই করে ফেলেন। হাসপাতাল থেকে ছাড়া পাওয়ার পর ২৮ বছর বয়সী ওই নারীর পেটে ব্যথা হতে থাকে। বিষয়টি জানানোর পরও চিকিৎসক তেমন গা করেননি। উল্টো তাঁকে কিছু ওষুধ খাওয়ার পরামর্শ দিয়ে চিন্তা না করতে বলেন। কিন্তু দিন দিন ওই নারীর অবস্থা খারাপ হতেই থাকে। পরে তাঁকে অন্য হাসপাতালে নিয়ে গেলে ঘটনাটি ধরা পড়ে। গত



সপ্তাহে দ্বিতীয় অস্ত্রোপচারের ঘটনাটি ঘটে। এরপর পরিবারটি ক্ষোভে ফেটে পড়ে। বিকাশ হাসপাতালটির বিরুদ্ধে গুরুতর অবহেলার অভিযোগ তুলেছেন। বলেন, চিকিৎসকেরা তাঁদের উরেগ উপেক্ষা করে শুধু ওষুধ দিয়ে বাড়িতে পাঠিয়ে তাঁর স্ত্রীর জীবনকে ঝুঁকির মুখে ফেলেছেন। স্বাস্থ্য বিভাগ দ্রুত ঘটনার তদন্তের নির্দেশ দিয়েছে।

বিকশ বলেন, ‘পেট থেকে তোয়ালে বের করে আনার ভিডিও আমি স্বাস্থ্য মন্ত্রণালয়কে দিয়েছি।

Name Change
I,DEBASREE GHOSHAL ON BEHALF MY MINOR DAUGHTER DEBIANI GHOSAL(OLD NAME) RESIDING AT 5, KHUDIRAM SARANI, SOUTH DUMDUM, PO-RABINDRA NAGAR,PS-DUMDUM,DIST-24 PARGANAS (NORTH),PIN-700065 HAVE CHANGE HER NAME AND SHE SHALL HENCEFORTH BE KNOWN AS DEBIANI GHOSHAL(NEW NAME)AS DECLARED BEFORE THE NOTARY PUBLIC,KOLKATA VIDE AFFIDAVIT NO 49 DATED 09/08/2024,DEBIANI GHOSAL(OLD NAME)AND DEBIANI GHOSHAL (NEW NAME) BOTH ARE SAME AND ONE IDENTICAL PERSON.

Name Change
I,UJJAL GHOSAL(OLD NAME), S/O LATE KSHITISH GHOSHAL, R/O 5, KHUDIRAM SARANI, SOUTH DUMDUM (M), PO RABINDRANAGAR, PS DUMDUM, PIN-700065, WEST BENGAL, INDIA, HAVE CHANGED MY NAME AND HENCE FORTH I SHALL BE KNOWN AS UJJAL GHOSHAL(NEW NAME), VIDE AN AFFIDAVIT NO 48, SWORN BEFORE THE NOTARY PUBLIC AT KOLKATA ON 07/08/2024, THAT UJJAL GHOSAL AND UJJAL GHOSHAL ALL ARE THE SAME AND ONE IDENTICAL PERSON.

Name Change
I,SOUVIK BASU, SON OF SISIR KUMAR BOSE, RESIDING AT 155, SREERAMPORE ROAD, GARIA,PS-PATULI, KOLKATA, WEST BENGAL, PIN 700084, WEST BENGAL,SHALL HENCEFORTH BE KNOWN AS SAUVIK BASU VIDE AN AFFIDAVIT SWORN BEFORE THE NOTARY PUBLIC AT KOLKATA ON 31/07/2024, THAT SOUVIK BASU AND SAUVIK BASU ALL ARE THE SAME AND ONE IDENTICAL PERSON.

Name Change
I,MAMTAZ BEGUM, WIFE OF GOLAM MOHAMMAD KHAN, RESIDING AT VILL-KHUPUR BAZAR MISTRY PARA, PO-BARUIPUR, SOUTH 24 PARGANAS-700144, WEST BENGAL,SHALL HENCEFORTH BE KNOWN AS MOMOTAJ BEGUM,VIDE AN AFFIDAVIT SWORN BEFORE THE NO-TARY PUBLIC AT KOLKATA ON 09/08/2024,THAT MAMTAZ BEGUM AND MOMOTAJ BEGUM BOTH ARE THE SAME AND ONE IDENTICAL PERSON.

Name Change
I,SULEKHA JHA,W/O SANTOSH KUMAR JHA, R/O 44 SATCHASI PARA ROAD, COSSIPORE, Kolkata, 700002, WEST BENGAL,SHALL HENCEFORTH BE KNOWN AS SULEKHA MONDAL,VIDE AN AFFIDAVIT SWORN BEFORE THE NO-TARY PUBLIC AT KOLKATA ON 09/08/2024,THAT SULEKHA JHA AND SULEKHA MONDAL ALL ARE THE SAME AND ONE IDENTICAL PERSON.

Name Change
I,JABED ALI MOLLA, S/O SONAI MOLLA, R/O VILL-DAKSHIN SHWETPUR, PO PAIKPARA,PS BASIRHAT, NORTH 24 PARGANAS-743422, WEST BENGAL,SHALL HENCEFORTH BE KNOWN AS MD JABED ALI MOLLA, VIDE AN AFFIDAVIT SWORN BEFORE THE NOTARY PUBLIC AT KOLKATA ON 09/08/2024,THAT JABED ALI MOLLA AND MD JABED ALI MOLLA ALL ARE THE SAME AND ONE IDENTICAL PERSON.

Name Change
I,HIMA BIBI, W/O SK SARFUDDIN,R/O NARAGERYA,NERADEUL,PS-KESH-PUR, PASCHIM MEDINIPUR, 721260, WEST BENGAL,SHALL HENCEFORTH BE KNOWN AS HAIMATUN NAHAR,VIDE AN AFFIDAVIT SWORN BEFORE THE NO-TARY PUBLIC AT KOLKATA ON 09/08/2024,THAT HIMA BIBI AND HAIMATUN NAHAR ALL ARE THE SAME AND ONE IDENTICAL PERSON.

ব্যাংকের কর্মী নিয়োগের বিজ্ঞপ্তির ফাঁদে পা, সর্বস্ব খোয়ালেেন এক গৃহবধূ

দুরন্ত বার্তা,পাঁশকুড়া, ১১ আগস্টঃ সংসারে নুন আনতে পাষ্টা ফুরায়। ছিটে বেড়া টালির চালের বাড়ি থেকে এমনিতেই লড়াইটা বেশ কঠিন হয়ে উঠেছিল। এমন অবস্থায় সোশ্যাল মিডিয়ার একটি বেসরকারি ব্যাংকের কর্মী নিয়োগের বিজ্ঞপ্তির ফাঁদে পা দিয়ে নিজের জমানো প্রায় সর্বস্ব খোয়ালেেন পাঁশকুড়ার এক গৃহবধূ। স্থানীয় ও পুলিশ সূত্রে জানা গিয়েছে, পাঁশকুড়া থানার গুমাই গ্রামের বাসিন্দা সুপ্রিয়া বর্মন। সম্প্রতি ফেরবুক সাইটে একটি বেসরকারি ব্যাংকের কর্মী নিয়োগ সংক্রান্ত পোস্ট তার নজরে আসে। অভিযোগ, নিচে থাকা নম্বর দেখে ফোন করেই প্রতারণার ফাঁদে পড়েন তিনি। পর্যায়ক্রমে ফর্ম ফিলাপের জন্য ৬০০ টাকা, কনফার্মেশন লেটারের জন্য ২৫০০ টাকা হাতিয়ে নেয় প্রতারকেরা। এরপর হোয়াটসঅপে জর্জেনিং লেটারের নকল একটি পিডিএফ ফাইল পাঠিয়ে বায়োমেট্রিক করার অজুহাতে আরও ৭২০০ টাকা



হাতিয়ে নেয় তারা। এরপর ফের নো অবজেকশন সার্টিফিকেটের জন্য আরো ৬০ হাজার টাকা চেয়ে ফোন আসে তার কাছে। আর তাতেই সন্দেহ দানা বাঁধে ওই গৃহবধূর। তাই বাড়ির কাছে নির্দিষ্ট ওই ব্যাংকের শাখায় গিয়ে যোগাযোগ করতেই প্রতারণার বিষয়টি সামনে আসে। এমনই অভিযোগ জানিয়ে পাঁশকুড়া আর দারুন্ত হন পাঁশকুড়ার ওই গৃহবধূ সুপ্রিয়া। তিনি অভিযোগ করে বলেন, সংসারে চরম অভাব। তাই ভেবেছিলাম সামান্য কিছু টাকা খরচে ব্যাংকের কাজ মিললে হুহুতো সেই সমস্যা দূর হবে। তাই নিজের কাছে থাকা এবং আত্মীয় পরিজনের কাছ থেকে টাকা ধার নিয়ে ওদের দাবি পূরণ করেছিলাম। কিন্তু এভাবে যে প্রতারণার ফাঁদে পড়তে হবে তা ভাবতে পারিনি। ঘটনার তদন্ত নেমেছে পাঁশকুড়া থানার পুলিশ।

ধর্ম বিষয়ক মন্ত্রালয়ের আধিকারীকদের সাথে মতবিনিময় করলেন ড. আ.ফ.ম খালিদ হোসেন

ঢাকা, ১১ আগস্টঃ অন্তর্বর্তীকালীন সরকারের ধর্ম বিষয়ক মন্ত্রালয়ের দায়িত্বপ্রাপ্ত উপদেষ্টা ড. আ.ফ.ম খালিদ হোসেন বিভাগীয় মন্ত্রক এবং অধীনস্থ দফতর ও সংস্থার কর্মকর্তাদের সাথে মতবিনিময় করেছেন। রবিবার সকালে ধর্ম বিষয়ক মন্ত্রালয়ের স্মেল্লন কক্ষে এই মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে।

সভার শুরুতেই মন্ত্রালয়ের কর্মকর্তাগণ উপদেষ্টাকে স্বাগত

জানান। পরে অ্যালোকেশন অব বিজনেস অ্যামং দ্যা ডিফারেন্ট মিনিস্ট্রিজ অ্যান্ড ডিভিশনস অনুযায়ী ধর্ম বিষয়ক মন্ত্রালয়ের কর্মপরিশি এবং ভিশন ও মিশন উপস্থাপন করা হয়। এছাড়া মন্ত্রালয়ের চলমান উন্নয়ন কর্মকাণ্ডসমূহ সম্পর্কে উপদেষ্টাকে অবহিত করা হয়েছে। ধর্মসচিব মহাম্মদ আ হামিদ জমাদ্দারের সৌরোহিত্যে অনুষ্ঠিত মতবিনিময় সভায় ইসলামিক ফাউন্ডেশনের মহাপরিচালক ড.

দুই পক্ষের তুমুল লড়াই

মস্কো, ১১ আগস্টঃ রাশিয়ার সীমান্তবর্তী কুরন্স অঞ্চলে গতকাল বৃহস্পতিবার তৃতীয় দিনের মতো ইউক্রেনীয় সেনা ও কিয়েভপক্ষী যোদ্ধাদের সঙ্গে রশ সেনাদের তীব্র লড়াই হয়েছে। রাশিয়ার দক্ষিণ-পশ্চিমের সীমান্তবর্তী অঞ্চলটিতে গত মঙ্গলবার ইউক্রেনীয় সেনা ও কিয়েভপক্ষী যোদ্ধারা ঢুকে পড়ে। রাশিয়ার প্রতিরক্ষা মন্ত্রণালয় বুধবার জানায়, ইউক্রেনের সেনা ও কিয়েভপক্ষী যোদ্ধারা কুরন্স অঞ্চলের গভীরে ঢুকেতে চেয়েছিলেন। কিন্তু তাদের সেই চেষ্টা চৌকিয়ে দেওয়া হয়েছে।

প্রতিরক্ষা মন্ত্রণালয়ের দাবি, বুধবার তাদের সেনারা ইউক্রেনের ৭টি ট্যাংক, সেনাসদস্যদের পরিবহনের আটটি গাড়ি, ৩টি পদাতিক বাহিনীর গাড়ি, ৬১টি যুদ্ধসংপ্লিষ্ট গাড়িসহ মোট ৫০টি সাঁজোয়া যান ধ্বংস করেছে।

Name Change
I,SHAIKH AMIRUL ISLAM, SON OF SK ABU SIDDIK, RESIDING AT Y-257, KHALDARI MALLIK PARA LANE,PO BARTALA,KOLKATA-700018, WEST BENGAL,SHALL HENCEFORTH BE KNOWN AS SK AMIRUL ISLAM,VIDE AN AFFIDAVIT SWORN BEFORE THE NO-TARY PUBLIC AT KOLKATA ON 09/08/2024,THAT SHAIKH AMIRUL ISLAM AND SK AMIRUL ISLAM BOTH ARE THE SAME AND ONE IDENTICAL PERSON.


কোচবিহার এমজেএন মেডিকেলো বাড়ানো হচ্ছে নিরাপত্তা



দূরন্ত বার্তা, কোচবিহার, ১১ আগস্ট : কলকাতার আরজি কর মেডিকেল কলেজে চিকিসক পড়়য়ার মৃত্যুর পর নড়েচড়ে বসল স্বাস্থ্য দপ্তর। কোচবিহার এমজেএন মেডিকেল কলেজ ও হাসপাতালের গ্ল্যাক স্পটি চিহ্নিত করে সেখানে সিসিটিভি ক্যামেরা লাগানোর জন্য ৫ লক্ষ টাকা বরাদ্দ করল স্বাস্থ্য দপ্তর। পাশাপাশি বেশকিছু সিদ্ধান্ত নেওয়া হয়েছে।
যেমন- ১) পুরুষ ওয়ার্ডে মহিলা ও মহিলা ওয়ার্ডে পুরুষ কোনওভাবেই প্রবেশ করবেন না।

২) হাসপাতাল ক্যাম্পাসে ব্রেক এনালিহিজার টেস্ট করার জন্য পুলিশকে বলা হয়েছে। হাসপাতাল কর্মী সহ সকলকেই পরীক্ষার করার কথা বলা হয়েছে। ৩) সন্ধ্যার পর হাসপাতাল চত্বরে অবৈধ পার্কিং বন্ধ করা হবে। ৪) হাসপাতালের দেওয়া নির্দিষ্ট স্টিকার লাগানো গাািহি ভেতরে ঢুকতে দেওয়া হবে। ৫) হাসপাতালের ভেতরে থাকা পুলিশ ফাঁড়িকে আরও শক্তিশালী করা ও পুলিশ নজরদারি বাড়ানোর কথা বলা হয়েছে। ৬)পুরুষ ও মহিলা ডিউটি রুমকে চিহ্নিত করে সাইনেজ লাগানো হবে। ৭) সিনিয়রদের দ্বোরে থেকে ডিউটি করতে হবে। ৮) সিসিটিভি ক্যামেরার ব্যবস্থাকে আরও জোরদার করা হচ্ছে।

পুলিশ সুপার অফিসের গেটের সামনে মুখোমুখি বাইক স্কুটি, মৃত্যু তরুণের



দূরন্ত বার্তা, জলপাইগুড়ি, ১১ আগস্ট : জলপাইগুড়ি জেলা শহরের সব থেকে হাই সিকিউরিটি জোন, যে স্থানেই অবস্থিত ডি আই জি থেকে জেলা পুলিশ সুপার, জেলা শাসক থেকে হাই কোর্টের বিচারপতির আবাসনা। এমন স্থানেই শনিবার রাত নয়টা ফুড়ি মিনিটি নাগাদ স্কুটি এবং বাইকের মুখোমুখি সংঘর্ষের ভিডিও সোশ্যাল মিডিয়াতে ছড়িয়ে পড়তেই রবিবার আতকে উঠেছে শহরবাসী। সন্ধ্যা হতেই এই পথে সাধারণ মানুষের যাতায়াত কঠিন হয়ে পরে বলে জানাচ্ছেন স্থানীয় বাসিন্দাদের অনেকেই। স্থানীয় বাসিন্দা দিলীপ পাসোয়ান জানান, রাত সাড়ে নয়টা বাজে তখন লোকজনের চিৎকার এবং আতুলসেের সাইরেনে শুনে বুকি কিছু হয়েছে, পরে এসে দেখি লোকজনের ভিড় তখন জানতে পারি, স্কুটি বাইকের মুখোমুখি সংঘর্ষের ঘটনা ঘটেছে, এই রাস্তা দিয়ে অনেক রাত পর্যন্ত ছুটোছুটি করে দ্রুত গতির বাইক। অপরদিকে রবিবার সকাল হতেই প্রাতঃস্নানকারী থেকে আমজনতার মূখে মূখে ঘুরছে শনিবার রাতের সেই ভয়ঙ্কর দুর্ঘটনার কথা, স্থানীয় সুদূে জানা গিয়েছে এই দুর্ঘটনায় সুপ্রতিম রায় নামের বছর পঁচিশের এক যুবকের মৃত্যু হয়েছে। মর্মান্তিক ঘটনার পর জলপাইগুড়ির সুনাগরিক দের একটি বড় অংশ প্রশ্ন তুলছে হাই সিকিউরিটি জোনেই যদি এমন ভয়ঙ্কর দৃশ্য দেখা যায়, তাহলে আমজনতার পথ নিরাপত্তা কোথায়।

ওপরে নারকীয় অত্যাচার, চোখে জল এপার বাংলার কশিয়াবাড়ি গ্রামে

দূরন্ত বার্তা, হলদিবাড়ি, ১১ আগস্ট : অশান্তি আর কিছুতেই থামছে না। শনিবার রাতে নতুন করে অশান্তির খবর এলো বাংলাদেশ থেকে। শনিবার আনুমানিক রাত ৮ টা নাগাদ হলদিবাড়ি চিলাহাটি সীমান্ত থেকে ৩০ কিলোমিটার দূরের বাংলাদেশের দ নীলফামারী জেলার ডোমার থানার অন্তর্গত বড়গাছা ডুগারুগি গ্রাম সহ তাঁকুর গাও,নিমবাড়ি প্রভৃতি গ্রাম গুলিতে সংখ্যালঘু হিন্দুদের ওপর আক্রমন নেমে আসে। মারধর, সম্পত্তি লুণ্ঠের পাশাপাশি একের পর এক হিন্দুদের বাড়ি আগুন দিয়ে জ্বালিয়ে দেওয়া হয় বলে অভিযোগ। এদিকে এই ভিডিও সামাজিক যোগাযোগ মাধ্যমে ছড়িয়ে পড়তেই চাঞ্চল্য ছড়িয়েছে। চিত্তায় ভারতের হলদিবাড়ি সংলগ্ন কশিয়া বাড়ি এই অঞ্চলের বহু ভারতীয় নাগরিকদেরও অস্থায়ী পরিজনেরা বাংলাদেশের নেলফামারি এলাকায় রয়েছে, আর এই ঘটনা প্রকাশ্যে আসতেই উকঠায় রাত কাটছে ।

ক্ষুদিরাম বসুর আত্ম বলিদান দিবস পালন জলপাইগুড়িতে

দূরন্ত বার্তা, পানডাপারা, ১১ আগস্ট : আজ বিপ্লবী ক্ষুদিরাম বসুর আত্ম বলিদান দিবস। সেই উপলক্ষে বিপ্লবী ক্ষুদিরাম বসু উদযাপন কমিটির উদ্যোগে প্রতিবছরের মত এ বছরও পানডাপারা কালীবাড়ি স্থিত ক্ষুদিরাম বসুর মূর্তিতে মাল্যদানের মধ্য দিয়ে ক্ষুদিরাম বসুর আত্ম বলিদান দিবস উদযাপন করা হয়। মালাদান করেন বামপন্থী ছাত্র যুব সংগঠনের নেতৃত্বর। উপস্থিত ছিলেন পীযুষ মিসরা, গোবিন্দ রায় ,অঞ্জন সেন সহ অন্যান্য না। এদিন ক্ষুদিরাম বসুর মূর্তিতে মালাদান করার আগে বামপন্থী যুব ছাত্র সংগঠনের পতাকা উত্তোলন করা হয়। এরপর ক্ষুদিরাম বসুর জীবনী নিয়েও আলোচনা হয়। পাশাপাশি আজকের দিনটিকে বিভিন্ন কর্মসূচির মাধ্যমে উদযাপন করা হবে বলে উদ্যোগতারা জানিয়েছেন।



কালনা এক রক্তের সুলতানপুর অঞ্চলের রসুলপুর মাঠে নজরুল স্মৃতি ক্লাবে উদ্যোগে মহিলা ফুটবল প্রতিযোগিতার উদ্বোধন অনুষ্ঠান অনুষ্ঠিত হলো। উদ্বোধনী অনুষ্ঠানে মহিলা ফুটবলারদের সঙ্গে পরিচিত করছেন ভারতীয় ফুটবল দলের প্রাক্তন অধিনায়ক তরুণ দে ও স্থানীয় বিধায়ক তথা রাজ্যের প্রাণী সম্পদ উন্নয়ন মন্ত্রী স্বপন দেবনাথ।

মৎস্য দপ্তররের উদ্যোগে কোচবিহারে মাছের খাবার তৈরির প্রকল্প শুরু হচ্ছে

দূরন্ত বার্তা, কোচবিহার, ১১ আগস্ট : কোচবিহারে মাছের খাবার তৈরির প্রকল্প করছে মৎস্য দপ্তর। জেলা মৎস্য দপ্তর তিনটি এই ধরনের কারখানা করছে বলে খবর মিলেছে। সবমিলিয়ে তিনটি প্রকল্পে বাজেট ধরা হয়েছে ২ কোটি ৬০ লক্ষ টাকা। এই প্রকল্পটি হলে জেলার মৎস্যচাষিদের আর বাইরে থেকে খাবার কিনে আনতে হবে না। কোচবিহার জেলা মৎস্য আধিকারিক জানান, ‘ মৎস্য সম্পদ যোজনার অধীন এই প্রকল্প হচ্ছে। তাতে যে মৎস্যচাষি প্রকল্পটি করছেন তাঁকে জমি দিতে হবে। এরপর সরকারি অর্থসাহায্যে প্রকল্পটি করবে তারা।’ চলতি ২০২৪-’২৫ আর্থিক বর্ষের মধ্যেই তিনটি প্রকল্প চালু হয়ে যাবে বলে জানান তিনি। জেলা মৎস্য দপ্তর সুদূে জানা গিয়েছে, কোচবিহার-১ ব্লকে সবচাইতে বড় মাছের খাবারের কারখানাটি তৈরি হচ্ছে। তাতে খরচ হচ্ছে প্রায় ২ কোটি টাকা। সেই সঙ্গে দিনহাট ২ ও শীতলকুচি ব্লকে ৩০ লক্ষ টাকা করে আরও দুটো মাছের খাবার তৈরির প্রকল্প হচ্ছে। ইতিমধ্যে প্রকল্পের কাজ শুরু হয়ে গিয়েছে। শীতলকুচির প্রকল্পটি তৈরি করছেন লক্ষ্মণ বর্মন নামে এক মৎস্যচাষি। তিনি জানান, মাছের জন্য প্রোটিন ভাসমান খাবার মূলত অন্ধপ্রদেশে তৈরি হয়। সেই খাবার রায়গঞ্জ ও মালদার ব্যবসায়ীদের



কাছ থেকে জেলার মৎস্যচাষিরা কিনে নিয়ে আসেন। তারজন্য প্রচুর টাকা খরচ করতে হয়। প্রতি কেজি খাবার কিনতে প্রায় ৫০ টাকা লাগে। এখানে নিজেরা তৈরি করলে তা প্রতি কেজি ৩৫ টকায় পাওয়া যাবে। প্রতিদিন প্রায় দেড় থেকে দুই টন খাবার তৈরি হবে। মৎস্য দপ্তর বলছে, তারা বিনামূল্যে মৎস্যচাষিদের খাবার দিয়ে থাকে। যা প্রয়োজনের চাইতে কম। তাই তাদের বাইরে থেকে খাবার কিনতেই হয়। সেক্ষেত্রে খরচ অনেক বেশি পড়ে। জেলায় ওই খাবার তৈরি হলে তা কম দামে তাঁরা পাবেন। সেই সঙ্গে প্রকল্পটি থেকে যাতে মৎস্যচাষিরা সুবিধা পান সেটিও নজরে রাখা হবে।

গরুমারা-জলদাপাড়ায় সাফারিতে যোগ দেবে কুনকি, উদ্যোগ বন দপ্তরের

দূরন্ত বার্তা,আলিপুরদুয়ার, ১১ আগস্ট : কুনকির পিঠে চেপে জঙ্গলের সঙ্গে বিভিন্ন বন্যপ্রাণী দেখতে পারেন পর্যটকরা। প্রতিবছর পূজাতে এই হাতি সাফারির বুকিং চোখে পড়ার মতো। এবছরও দুর্গাপূজোর সময়ের হাতি সাফারির বুকিং হাউসফুল হওয়ার পথে। সাফারির কাজে ব্যবহৃত কুনকিদের চাপ কমাতে এবার বন দপ্তর গরুমারা এবং জলদাপাড়া, দুই জঙ্গলেই কুনকির সংখ্যা বাড়ানোর পরিকল্পনা নিয়েছে। এতে আরও বেশি সংখ্যক পর্যটক হাতি সাফারির সুযোগ পাবেন। গরুমারায় গত সেপ্টেম্বর থেকে জলদাপাড়া থেকে আনা দুটি কুনকি হাতি জেনি এবং মাধুরীকে দিয়ে সাফারি করানো হত। এতদিন তাই রামশাই এবং ধূপঝোরা থেকে দিনে তিনটি শিফটে মোট ১২ জন পর্যটক সাফারির সুযোগ পেতেন। গরুমারায় এই মুহূর্তে কুনকি হাতির সংখ্যা ২৮। তার মধ্যে একটি হাতির প্রশিক্ষণ চলছে কুনকি হওয়ায় আরেকটি বয়সে অনেকটাই ছোট। গরুমারা বন্যপ্রাণি বিভাগের ডিএফও জানান, ‘সব কিছু ঠিক থাকলে পূজোর মরসুম থেকে এই নতুন দুটো হাতি দিয়েও সাফারি করানো হবে। ফলে তিনটি শিফটে দুই জায়গা থেকে দুজন করে আরও ১২ জন পর্যটক গরুমারায় সাফারির সুযোগ পাবেন।’ সব ঠিক থাকলে গরুমারায় পূজোর আগেই পর্যটকরা নতুন কুনকির পিঠে চেপে জঙ্গল সাফারি করতে পারবেন। তবে জলদাপাড়ার ক্ষেত্রে এখনই সেটা



বলা যাচ্ছে না। কারণ কুনকির প্রশিক্ষণ অন্য হাতিদের তুলনায় আলাদা হয়। বিশেষ প্রশিক্ষণ দেওয়ার আগে হাতির শারীরিক পরীক্ষা করা হয়। দেখা হয়, হাতিটি অভিরিক্ত তার পিঠে নিতে পারবে কিনা। হাতির পিঠে পর্যটকদের বসার জন্য যে হাওদা দেওয়া হয়, সেটার একটা ওজন রয়েছে। অন্য মানুষকে দেখে হাতি কীরকম আচরণ করছে সেটাও লক্ষ রাখা হয়। এছাড়া, বাঁসন বা গভার সামনে এলে হাতিগুলো পিছিয়ে যাচ্ছে কিনা সেটার দিকেও বিশেষ নজর রাখা হয়। পর্যটকদের নিরাপত্তায় কোনওরকম ফাঁক রাখতে চায় না বন দপ্তর। জলদাপাড়া থেকে মীনাক্ষী, পিয়র্দর্শিনী, চম্পাকালি, সন্দ্রমণিারা পর্যটকদের সাফারি করায়। অন্যদিকে, কোদালবন্তি থেকে তন্তপালি এই দায়িত্বে রয়েছে। এই পাঁচটি হাতি দিয়ে আপাতত

জলদাপাড়া জাতীয় উদ্যানের সাফারি চলছে। ললিতা নামে একটি কুনকি হাতির প্রশিক্ষণ শুরু হয়ে গিয়েছে হলং পিলখানায়। আরেকটির প্রশিক্ষণ শুরু হওয়ার কথা রয়েছে। জলদাপাড়া জাতীয় উদ্যান সহকারী বন্যপ্রাণ সংরক্ষক নবজি দে’র কথায়, ‘ দুটো কুনকিকে সাফারিতে দেওয়ার পরিকল্পনা রয়েছে। প্রথমে সেগুলোর প্রশিক্ষণ হবে, তারপর তাদের পরীক্ষা হবে। শীর্ষকর্তারা অনুমতি দিলে সাফারিতে দেওয়া হবে।’ লাটাগুড়ি রিসর্ট ওনার্স ওয়েলফেয়ার অ্যাসোসিয়েশনের মুখ্য সম্পাদক জানান, বন দপ্তরের এই সিদ্ধান্তে তাঁরা খুশি। অন্যদিকে, জলদাপাড়ার এক পর্যটন ব্যবসায়ীর কথায়, ‘ হাতি না থাকায় অনেক পর্যটকের ইচ্ছে থাকলেও সাফারি করতে পারেন না। এটাই এখানকার সবচেয়ে বড় আকর্ষণ।’

শিলিগুড়িতে আন্তর্জাতিক কবিতা উৎসবে প্রাণের ছোঁয়া

দূরন্ত বার্তা,শিলিগুড়ি, ১১ আগস্ট : সম্প্রতি উত্তরবঙ্গ সাহিত্য সভার উদ্যোগে আন্তর্জাতিক এক কবিতা উৎসব হয়ে গেল পাহাড় ঘেরা শিলিগুড়ির শ্রমিক ভবন মঞ্চে। অনুষ্ঠানটির মূল উদ্যোক্তা শ্রীমতি পান্না দাস ও বিশ্বজি দাস ছিলেন। পরিকল্পনায় ছিলেন যুগ্ম সম্পাদিকা শ্রীমতি পান্না দাস ও দীপ্তি বসুমার্জি। রাজ্যের বিভিন্ন প্রান্ত থেকে বিশেষ অতিথি হয়ে কবি সাহিত্যিকেরা এসেছিলেন। তাছাড়া বাংলাদেশের ঢাকা শহর, নেপাল,ভুটান,কলকাতা মেদিনীপুর ও উত্তরবঙ্গের নানা জায়গা থেকে কবিতার টানে আসেন। এদিন প্রদীপ প্রজ্ঞালনের মাধ্যমে অনুষ্ঠান শুরু হয়। এরপর ছিল সম্মান জানানোর পালা। মধ্যে উত্তরবঙ্গ সাহিত্য পত্রিকার বই প্রকাশিত হয়। অনুষ্ঠানে বিশিষ্ট অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কবি অরব্যক বসু, অলক চক্রবর্তী, নিরঞ্জন ভৌমিক ,কলকাতা ইঃ টারনামশাল মাইক্রো ফিঅের ফেস্টিভালের চেয়ারপারসন, ওয়েলফেয়ার অ্যাসোসিয়েশন,



দূরন্ত বার্তা, নকশালবাড়ি, ১১ আগস্ট :হাতবদল করতে যাওয়ার আগে বিপুল পরিমাণ ব্রাউন সুগার সহ গ্রেফতার ২। নকশালবাড়ির রথখোলা রেলগেটে এলাকায় এক মহিলা ও পুরুষকে আটক করে তল্লাশি চালিয়ে ৪৯০ গ্রাম ব্রাউন সুগার উদ্ধার করল নকশালবাড়ি থানার পুলিশ। ধৃতরা হল আরিমা খান্নু (৩৮) ও মহম্মদ মাজিরুল (৪০), দুজনেই মালদার কাশিয়াচকের গুলাবগঞ্জের বাসিন্দা। পুলিশ সূত্রে খবর, তদন্তে নামবে নকশালবাড়ি থানার পুলিশ।

এবং কার কাছে এই মাদক দিতে যাচ্ছিল ধৃতরা তার

ধসে বিচ্ছিন্ন বক্সা পাহাড়ের পাঁচটি গ্রাম, বিকল্প রাস্তা তৈরির উদ্যোগ পঞ্চায়েতের

দূরন্ত বার্তা, আলিপুরদুয়ার, ১১ আগস্টঃ নরম মাটি ধসে গিয়ে বিচ্ছিন্ন বক্সা পাহারে পাঁচটি গ্রাম। বক্সা পাহাড়ে রাস্তা তৈরি থেকে বিদ্যুতের খুঁটি সরানোর কাজে একটি সদরবাজার থেকে বক্সা ফোর্টে যাওয়ার রাস্তার একাংশ ধসে এই বিপত্তি! বিষয়টি নিয়ে জেলা প্রশাসন নড়েচড়ে বসেছে। শুক্রবার বিকেল থেকে পাহাড়ের গ্রামে যাতায়াতের বিকল্প রাস্তা গাতে উদ্যোগ নেওয়া হয়। শনিবার সকাল থেকে বিকল্প রাস্তার কাজে হাত লাগিয়েছেন স্থানীয়রা। গ্রাম পঞ্চায়েত এবং বন দপ্তর ধসে ক্ষতিগ্রস্ত পাহাড়ে যাতায়াতের বিকল্প রাস্তা গড়তে উদ্যোগ নিয়েছে। এদিন দিনেরবেলা বৃষ্টি না হওয়ায় ক্ষতিগ্রস্ত রাস্তার পাশ



দিয়ে আপাতাত যাতায়াতের একটা বিকল্প ব্যবস্থা করা হয়েছে। বক্সা টাইগার রিজার্ভের ডিএফডি (ইস্ট) ভাঙনের মুখে পড়েছে জয়ন্তীর ফরেস্ট বাংলো। শুক্রবার জানান, ‘ ধসে গিয়ে বক্সা ফোর্টের কাছে রাস্তা ক্ষতিগ্রস্ত হয়েছে। ক্ষতিগ্রস্ত অংশের পাশ দিয়ে বিকল্প রাস্তা করার কাজ জোরকমে চলছে।’ পাহারে ধসে রাস্তা ক্ষতিগ্রস্ত হওয়ার পাশাপাশি বিদ্যুৎ সরবরাহ লাইনও বিপজ্জনক অবস্থায় রয়েছে। ক্ষতিগ্রস্ত অংশে পাহাড়ের মাটি ধসে গেলে সেখানে বিদ্যুৎ সরবরাহ লাইনও ক্ষতিগ্রস্ত হয়। শুক্রবার দুপুর থেকে পাহাড়ের বিস্তীর্ণ এলাকা বিদ্যুহীন হয়ে রয়েছে। শনিবার সংশ্লিষ্ট দপ্তরের কর্মীরা সেখানে কাজ করছেন। দপ্তরের এক আধিকারিক জানিয়েছেন, ইঞ্জিনিয়ারদের সঙ্গে দেখা করে বাঁধের মেরামতির দাবি শনিবার রাতের মধ্যে বিদ্যুৎ পরিষেবা স্বাভাবিক করে

দেওয়ার কাজ চলছে। তবে পাহাড়ি দুর্গম এলাকা হওয়ায় ধসে গিয়ে বিচ্ছিন্ন বক্সা পাহারে পাঁচটি গ্রাম। বক্সা পাহাড়ে রাস্তা তৈরি থেকে বিদ্যুতের খুঁটি সরানোর কাজে একটি সদরবাজার থেকে বক্সা ফোর্টে যাওয়ার রাস্তার একাংশ ধসে এই বিপত্তি! বিষয়টি নিয়ে জেলা প্রশাসন নড়েচড়ে বসেছে। শুক্রবার বিকেল থেকে পাহাড়ের গ্রামে যাতায়াতের বিকল্প রাস্তা গাতে উদ্যোগ নেওয়া হয়। শনিবার সকাল থেকে বিকল্প রাস্তার কাজে হাত লাগিয়েছেন স্থানীয়রা। গ্রাম পঞ্চায়েত এবং বন দপ্তর ধসে ক্ষতিগ্রস্ত পাহাড়ে যাতায়াতের বিকল্প রাস্তা গড়তে উদ্যোগ নিয়েছে। এদিন দিনেরবেলা বৃষ্টি না হওয়ায় ক্ষতিগ্রস্ত রাস্তার পাশ দিয়ে আপাতাত যাতায়াতের একটা বিকল্প ব্যবস্থা করা হয়েছে। বক্সা টাইগার রিজার্ভের ডিএফডি (ইস্ট) ভাঙনের মুখে পড়েছে জয়ন্তীর ফরেস্ট বাংলো। শুক্রবার জানান, ‘ ধসে গিয়ে বক্সা ফোর্টের কাছে রাস্তা ক্ষতিগ্রস্ত হয়েছে। ক্ষতিগ্রস্ত অংশের পাশ দিয়ে বিকল্প রাস্তা করার কাজ জোরকমে চলছে।’ পাহারে ধসে রাস্তা ক্ষতিগ্রস্ত হওয়ার পাশাপাশি বিদ্যুৎ সরবরাহ লাইনও বিপজ্জনক অবস্থায় রয়েছে। ক্ষতিগ্রস্ত অংশে পাহাড়ের মাটি ধসে গেলে সেখানে বিদ্যুৎ সরবরাহ লাইনও ক্ষতিগ্রস্ত হয়। শুক্রবার দুপুর থেকে পাহাড়ের বিস্তীর্ণ এলাকা বিদ্যুহীন হয়ে রয়েছে। শনিবার সংশ্লিষ্ট দপ্তরের কর্মীরা সেখানে কাজ করছেন। দপ্তরের এক আধিকারিক জানিয়েছেন, ইঞ্জিনিয়ারদের সঙ্গে দেখা করে বাঁধের মেরামতির দাবি শনিবার রাতের মধ্যে বিদ্যুৎ পরিষেবা স্বাভাবিক করে

অন্যদিকে পাহাড় থেকে নেমে আসা জয়ন্তী নদীর ভাঙনের মুখে পড়েছে জয়ন্তীর ফরেস্ট বাংলো। শুক্রবার থেকে সেখানে ভাঙন মোকাবিলায় কাজ করছে বন দপ্তর। তবে নদীভাঙনের প্রভাব জয়ন্তীর বসতি এলাকায় না পালেও সেখানকার বাসিন্দারা বেশ উদ্বেগে রয়েছেন। জয়ন্তীর বাসিন্দা জগদীশ ওরাওঁয়ের কথায়, ‘ প্রায় তিন বছর ধরে বসতি এলাকার সুরক্ষায় তৈরি পাথরের বাঁধের মেরামতি হয়নি। বর্ষায় বাঁধ ভেঙে একবার জল বসতি এলাকায় ঢুক গেলে ভিটোমাটি, জমি বাঁচানো চাবে তাই হয়ে যাবে।’ আগামী সোমবার তাঁরা সেচ দপ্তরের ইঞ্জিনিয়ারদের সঙ্গে দেখা করে বাঁধের মেরামতির দাবি জানাবেন।

গাড়ির ধাক্কায় মৃত্যু হল লেপার্ডের

দূরন্ত বার্তা, আলিপুরদুয়ার, ১১ আগস্ট : গাড়ির ধাক্কায় মৃত্যু হল লেপার্ডের। আলিপুরদুয়ার জেলার বীরপাড়া টোপতি সংলগ্ন এলাকায় গাড়ির ধাক্কায় মৃত্যু হল একটি পূর্ণবয়স্ক লেপার্ডের। জানা যায় রাস্তা পার হওয়ার সময় এশিয়ান হাইওয়ে বীরপাড়া সংলগ্ন এলাকায় গাড়ির ধাক্কায় ছিটকে পড়ে চিতা বাষ্পি, মূখে আঘাত লাগায় সেখানেই মৃত্যু হয়। ঘটনাস্থলে পৌঁছায় দলগাও রেঞ্জের আধিকারিকরা ও বনকর্মীরা। লেপার্ডের মৃতদেহ উদ্ধার করে বনকর্মীরা।

জলপাইগুড়ি জেলা জুড়ে বিক্ষিপ্তভাবে বৃষ্টি

দূরন্ত বার্তা, জলপাইগুড়ি, ১১ আগস্ট : জলপাইগুড়ি তিস্তার গজলডোবা ব্যারেজ থেকে জল ছাড়া হয়েছে। রবিবার সকাল ৭ টায় জল ছাড়ার পরিমাণ ১৫৯২.৮৬ কিউমেক। দক্ষয় দক্ষয় জল ছাড়া এই ব্যারেজ থেকে। চিত্তায় লাল সতর্কতা। বাংলাদেশ বর্ডার পর্যন্ত তিস্তার মেখলিগঞ্জ লাল সতর্কতা জারি রয়েছে অসংরক্ষিত এলাকা। পাশাপাশি তিস্তার দোমহনীতে অসংরক্ষিত এলাকায় জারি রয়েছে হলুদ সতর্কতা। এনএইচ ৩১ জলঢাকা নদীতে সংরক্ষিত এবং অসংরক্ষিত এলাকায় জারি রয়েছে হলুদ সতর্কতা বলে জলপাইগুড়ি সেচ দপ্তর ব্ল্যাড কন্ট্রোল রুম সুদূে জানা যায়। সকাল থেকেই বিক্ষিপ্তভাবে বৃষ্টি জলপাইগুড়িতে। পাহাড় এবং সমতলে বৃষ্টি। জল বাড়ছে তিস্তা, জলঢাকা নদী সহ অন্যান্য নদী গুলোতে।

পুজোর থিম মা আমিও তো নারী

দূরন্ত বার্তা, জলপাইগুড়ি, ১১ আগস্ট : পুজোর থিম মা আমিও তো নারী। জলপাইগুড়ি আসাম মোড় তারা পারা সার্বজনীন দুর্গাপূজা কমিটির দুর্গাপূজার খুঁটি পূজো হল রবিবার। প্রায় ১৮ লাখ বাঞ্ছটের এই পূজো বলে সম্পাদক নিতাই কর জানান। ধুপগুড়ি ও মেদিনীপুর থেকে ডেকোরেশ্যন মন্ডপ তৈরি করবেন বলে জানা যায়। রবিবার তারই খুঁটি পূজো হল জাঁকজমকপূর্ণ ভাবে। এই খুঁটি পূজো উপলক্ষে বহু ঢাকীদের নিয়ে আসে ক্লাব কর্তৃপক্ষ। ঢাকের তালো পূজো উল্লেখ্য। আনন্দে মেতে উঠেন। পুজার ৫ দিন ব্যাপি থাকবে বিভিন্ন অনুষ্ঠান।

সাতকুড়া সীমান্তে মানুষের ভীড়

দূরন্ত বার্তা, জলপাইগুড়ি, ১১ আগস্ট : জলপাইগুড়ির মানিকগঞ্জ ফাড়ির অন্তর্গত সাতকুড়া সীমান্ত দিয়ে ভারতে আশ্রয়ের আশায় ভীড় জমিয়েছিলেন বাংলাদেশী সংখ্যালঘুরা। সেখানে বিএসএফের পাশাপাশি পুলিশ নিরাপত্তাও চোখে পড়লো। ওই সীমান্তে কিছুটা খোলা সীমানা রয়েছে। সেই কারণে বাংলাদেশের উত্তপ্ত পরিস্থিতির জন্য হাজার হাজার বাংলাদেশী ভারতে আশ্রয়ের জন্য জড়ো হয়েছিল কয়েকদিন আগে। মাঝেমাঝেই বাংলাদেশীরা আসছেন সীমান্তে। ফলে সীমান্তে কঠোর নিরাপত্তা দিয়েছে বিএসএফ। পাশাপাশি পুলিশও রয়েছে বলে জানিয়েছে জলপাইগুড়ি পুলিশ সুপার। রবিবার দুপুর ১ টা নাগাদ তিনি প্রেস বিজ্ঞপ্তিতে জানান পুলিশের নজরদারিতে জলপাইগুড়ি জেলার বাংলাদেশ ও ভুটান সীমান্ত শান্তিপূর্ণ রয়েছে।

দূরন্ত বার্তা, জলপাইগুড়ি, ১১ আগস্ট : ইটোর ক্লাব সুইমিং চ্যাম্পিয়নশিপ অনুষ্ঠিত হচ্ছে। পরিচালনায় জলপাইগুড়ি বিবেকানন্দ স্পোর্টিং অ্যান্ড কালচারাল ক্লাবে। এ বছর তাদের এই প্রতিযোগিতাটি ১১ তম বছরে পদাপন করলো। প্রতি বছরের ন্যায় এ বছরও এই চ্যাম্পিয়ন শিট থেকে যারা ভালো ফল করবে তারা আগামীতে ১৫ ই আগস্ট একটি বড় ধরনের সুইমিং খেলায় অংশগ্রহণ করার সুযোগ পাবে এখানে বলে উদ্যোক্তারা জানিয়েছেন। আজ ৫৭টি ইভেন্টে বিভিন্ন বিভাগে প্রতিযোগিতাটি অনুষ্ঠিত হচ্ছে। আজকের সুইমিং চ্যাম্পিয়নশিপ টিতে অসংখ্য ছাত্র-ছাত্রীরা এই প্রতিযোগিতায় অংশগ্রহণ করে।



১১১ দিন দম ফেলার সময় পাবে না ভারত চলতেই থাকবে একের পর এক সিরিজ

মুম্বই, ১১ আগস্টঃ আগামী কয়েক মাসে বেশির ভাগ সময়ই সাদা জার্সিতে দেখা যাবে ভারতীয় ক্রিকেট দলকে। ২০২৫ সালের জানুয়ারির শুরুতে একটি বা দুটি নয়, ১০টি টেস্ট ম্যাচ খেলতে চলেছে ভারতীয় দল। ১১১ দিনের মধ্যে ভারতীয় দলকে ১০টি টেস্ট ম্যাচে অংশ নিতে হবে, যার মধ্যে পাঁচটি টেস্ট ম্যাচ ভারতের খেলা হবে এবং ভারতীয় দলকে পাঁচটি টেস্ট ম্যাচের জন্য বিদেশ ভ্রমণ করতে হবে। জেনে নিন ভারতীয় দল কখন টেস্ট ম্যাচ খেলবে। আগামী সময়ে পুরো ফোকাস থাকবে শুধুমাত্র লাল বলের ক্রিকেটে। কারণ আইসিসি বিশ্ব টেস্ট চ্যাম্পিয়নশিপ অর্থাৎ ডব্লিউটিসি ২০২৫-এর ফাইনালে পৌঁছানোর জন্য এই সমস্ত ম্যাচগুলি গুরুত্বপূর্ণ হবে। ভারতীয় দল এই মুহূর্তে ডব্লিউটিসি পয়েন্ট টেবিলের শীর্ষে রয়েছে। রোহিত শর্মার নেতৃত্বাধীন ভারতীয় দলকে ঘরের মাঠে বাংলাদেশ ও নিউজিল্যান্ডের বিপক্ষে টেস্ট সিরিজ খেলার কথা রয়েছে। ১৯ সেপ্টেম্বর থেকে শুরু হচ্ছে ভারতীয় দলের লাল বলের অভিযান। ভারত ও বাংলাদেশের মধ্যে দুটি



টেস্ট ম্যাচ খেলা হবে। ১৯ সেপ্টেম্বর থেকে চেন্নাইয়ে প্রথম টেস্ট এবং ২৭ সেপ্টেম্বর থেকে কানপুরে দ্বিতীয় টেস্ট শুরু হবে। এরপর অক্টোবরে আরেকটি টেস্ট সিরিজ। তিন ম্যাচের টেস্ট সিরিজ খেলতে ভারতে আসে নিউজিল্যান্ড দল। ১৬ অক্টোবর থেকে বেঙ্গালুরুতে মুম্বাই মুখি হবে ভারত ও নিউজিল্যান্ড। দ্বিতীয় ম্যাচ ২৪ অক্টোবর থেকে পুনেনে। ১ নভেম্বর থেকে মুম্বইয়ের ওয়াংখোড়ে স্টেডিয়ামে শুরু হবে ভারত ও নিউজিল্যান্ডের মধ্যকার ম্যাচ। এরপরই অস্ট্রেলিয়া সফরে যাওয়ার কথা ভারতীয় দলের। অস্ট্রেলিয়া সফরে পাঁচ ম্যাচের টেস্ট সিরিজ খেলবে ভারত। ২২ নভেম্বর থেকে শুরু হবে অস্ট্রেলিয়া সফর। প্রথম ম্যাচ হবে পার্থে। ৬ ডিসেম্বর থেকে আডিলেডে দ্বিতীয় টেস্ট, ১৪ ডিসেম্বর থেকে ব্রিসবেনে তৃতীয় টেস্ট, ২৬ ডিসেম্বর থেকে মেলবোর্নে চতুর্থ টেস্ট এবং ৩ জানুয়ারি থেকে সিডনিতে শেষ টেস্ট অনুষ্ঠিত হবে। এ নিয়ে ১৯ সেপ্টেম্বর থেকে ৭ জানুয়ারি পর্যন্ত ১০টি টেস্ট ম্যাচ খেলবে ভারতীয় দল।

অলিম্পিক শেষ হল না, পদকের রং উবে যাচ্ছে! মার্কিন অ্যাথলিটের ভিডিওতে তুলকালাম

প্যারিস, ১১ আগস্টঃ এ আবার কী! এমনটা তো আগে হয়নি। অলিম্পিকের পদক মানে মহাশয় ব্যাপার, সেটি অমূল্য। কোনও অর্থ দিয়ে তা বিচার করা যায় না। কিন্তু প্যারিস অলিম্পিক শেষের আগেই তা নিয়ে চরম বিতর্ক। আমেরিকার ফেটবোর্ডার নাইজ হিউস্টন এই নিয়ে অভিযোগ করছেন। তিনি অলিম্পিক শুরুর প্রথম সপ্তাহেই স্টেট বোর্ডিয়ে ব্রোঞ্জ জিতেছিলেন। তারপর দশদিন পরে উদ্বার করা গিয়েছে, ওই পদকের রং উবে যাচ্ছে। যে উজ্জ্বলতা প্রথমে ছিল, সেটি আর নেই। বরং দিনের দিন সেটি কমে যাচ্ছে। সেই নিয়ে



এই মার্কিন অ্যাথলিট একটি ভিডিও করে সেটি সোশ্যাল সাইটে দিয়ে দিয়েছেন। তাতে প্যারিসের আরও কয়েকদিন বেশি। তার মধ্যে এটা আমার শরীরের সঙ্গেই ছিল। ঘামে ভিজেছে, আবার বন্ধুরাও নানাভাবে দেখেছে। কিন্তু একটা অলিম্পিক পদকের যা মান হওয়া উচিত, সেটি এমন নয়। এই বিষয়টি নজরে এসেছে প্যারিসের আয়োজকদের। তারা ইমেলে ওই অ্যাথলিটকে লিখেছেন, ‘কয়েকদিনের মধ্যেই ওই ব্যাপার হয়ে যাওয়া পদক প্রতিস্থাপিত করে দেওয়া হবে। এমনকী কোনও অ্যাথলিটের এমন অভিযোগ থাকলে তারাও যোগাযোগ করতে পারেন ইমেলের মাধ্যমে। তাদেরও পদক নিয়ে ব্যবস্থা দেওয়া হবে।’

ভারতীয় টিমে দ্রাবিড় যুগে ‘দ্য ওয়াল’ এর সবচেয়ে বড় আক্ষেপ কী?

দুর্দত্ত বার্তা প্রতিবেদন

ভারতীয় টিমে দ্রাবিড় যুগের অবসান হয়েছে। এখন চলছে গুরু গল্পের জমানা। টিম ইন্ডিয়া টি-২০ বিশ্বকাপ জেতার পর ভারতের প্রাক্তন কোচ হয়েছেন রাহুল দ্রাবিড়। আমি মাঝেই ক্রিকেট মহলে শোনা যাচ্ছে, পঁচিশের আইপিএলে রাজস্থান রয়্যালসের কোচ হিসেবে দেখা যাবে দ্রাবিড়কে। তা অবশ্য এখনই নিশ্চিত নয়। সম্প্রতি স্টার স্পোর্টসকে দেওয়া এক সাক্ষাৎকারে রাহুল দ্রাবিড় তাঁর কোচ থাকাকালীন সবচেয়ে বড় আক্ষেপ নিয়ে জানিয়েছেন। জানেন টিম ইন্ডিয়ায় দ্রাবিড় যুগে ‘দ্য ওয়াল’ এর সবচেয়ে বড় আক্ষেপ কী? রাহুল দ্রাবিড়ের ভারতীয় টিম থেকে ফেয়ালওয়েল হয়েছে বিশ্বজয়ের পর। ক্রিকেটার হিসেবে দ্রাবিড়ের বিশ্বজয়ের স্বপ্নপূরণ হয়নি। কিন্তু কোচ হিসেবে তাঁর কেরিয়ার শেষ হল বিশ্বকাপ জিতে। তবে সাফল্যের সঙ্গে কোচিং কেরিয়ার শেষ করলেও একটা বিষয়ে আক্ষেপ থেকেই গিয়েছে দ্রাবিড়ের। অনেকেই ভাবতে পারেন, তা হল ওডিআই বিশ্বকাপে হারা। কিন্তু তা নয়। তিনি বলেছেন, ‘আমাকে যদি জিজ্ঞাসা করা হয় যে কোচ হিসেবে যদি কোনও আক্ষেপ রয়েছে, তা



হলে সেটা ঠিক কোথায়? তা হলে বলব কেরিয়ার শুরু করার পর দক্ষিণ আফ্রিকা টেস্ট সিরিজের কথা বলব। সেখান দিয়ে দক্ষিণ আফ্রিকার বিরুদ্ধে আমরা প্রথম টেস্ট ম্যাচ জিতেছিলাম। এরপর আমরা দ্বিতীয় ও তৃতীয় টেস্ট ম্যাচ খেলেছিলাম। আমরা দক্ষিণ আফ্রিকায় কোনও সিরিজ জিততে পারিনি। তাই আমাদের কাছে সুযোগ ছিল সিরিজটা জেতা। কিন্তু দলের কয়েকজন সিনিয়র প্লেয়ার ওই সিরিজে ছিল না।’ ২০২১-২২ সালে দক্ষিণ আফ্রিকার ঘরের মাটিতে সিরিজে এগিয়ে থেকেও শেষ অবধি ২-১ ব্যবধানে হারে টিম ইন্ডিয়া। দ্রাবিড় বলেন, ‘রোহিত শর্মার চোট ছিল। ওই সিরিজে আমরা কয়েক জন সিনিয়র প্লেয়ারদের পাইনি। কিন্তু আমরা ম্যাচ জেতার খুব কাছে ছিলাম। দ্বিতীয় ও তৃতীয় টেস্ট ম্যাচও আমরা জিততে পারতাম। তৃতীয় ইনিংসেও সুযোগ ছিল আমাদের কাছে। একটা ভালো টার্গেট দিয়ে ম্যাচ জিততে পারতাম। কিন্তু দক্ষিণ আফ্রিকা আমাদের থেকে বেশি ভালো খেলেছিল। ওরা চতুর্থ ইনিংসে ঘুরে দাঁড়ায়। তাই আমি বলব আমার কোচিং কেরিয়ারের সবচেয়ে আক্ষেপের জায়গায় দক্ষিণ আফ্রিকার বিরুদ্ধে টেস্ট সিরিজে এগিয়ে থেকেও জিততে না পারা।’

বিদায়ের ইঙ্গিত দিয়ে মার্তা বললেন, ‘আমি গর্বিত’

প্যারিস, ১১ আগস্টঃ সর্বকালের অন্যতম সেরাদের একজন হয়েও কখনো বিশ্বকাপ কিংবা অলিম্পিকে সোনা জেতা হয়নি মার্তা। শেষ বেলায় চেয়েছিলেন প্যারিস অলিম্পিকে সোনা জিতে আক্ষেপ ঘোচাতে। কিন্তু সেই আক্ষেপ আর দূর হলো না। যুক্তরাষ্ট্রের কাছে ফাইনালে ১-০ গোলে হেরে হতশা নিয়েই বিদায় নিতে হলো ব্রাজিলের কিংবদন্তি মহিলা ফুটবলারকে। তৃতীয়বারের মতো জিতলেন অলিম্পিক ফুটবলের রূপা। প্যারিসে পা রাখার আগেই ইঙ্গিত দিয়েছিলেন, এটাই তাঁর শেষ টুর্নামেন্ট। গতকাল অলিম্পিকে রূপার পদক জেতার পর ৬৮ বছর বয়সী মার্তা একই কথা বলেছেন। জানিয়েছেন, এটাই সম্ভবত তাঁর শেষ আনুষ্ঠানিক কোনো প্রতিযোগিতা। এরপর আর কোনো বড় টুর্নামেন্টে হয়তো দেখা যাবে না তাঁকে। ছয়বারের বিশ্ব বর্ষসেরা খেলোয়াড় মার্তা নিজের ভবিষ্যৎ নিয়ে বলেছেন, ‘আমার মনে হয় না, আগামী আমাকে আবারও বিশ্বকাপে দেখতে পাবেন। আমি জানি না কী হবে, কিংবা জাতীয় দলের পরিকল্পনা কী। কিন্তু আমার পরিকল্পনা হচ্ছে, বেকেনোভারের দলকে সাহায্য করে যাওয়া।



কারণ, এটাই আমার জীবন।’ ২০২৭ সালে মার্তার দেশ ব্রাজিলে হবে পরবর্তী নারী বিশ্বকাপ। সেখানে তাঁর খেলার সম্ভাবনা নিয়ে ফিট থেকে খেলা চালিয়ে যাওয়া বেশ বাস্তবতা যে কঠিন, মার্তা নিজেই তা স্পষ্ট করে দিয়েছেন। নিজের সেরা সময় পেছেন

ফেলে আসা মার্তার বয়স এখন ৬৮। তিন বছর পর বিশ্বকাপের সময় তাঁর বয়স হবে ৪১ বছর। সে সময় শারীরিকভাবে পুরোপুরি

থাকার ইচ্ছার কথা জানিয়েছেন এই ফুটবলার, ‘আমি ফুটবল থেকে হারিয়ে যাব না। আমি চেষ্টা করব, কোনোভাবে দলকে সাহায্য করতে।’ প্যারিসে সোনা জয়ের স্বপ্ন পূরণ না হলেও দল যেভাবে লড়াই করেছে, তা নিয়ে গর্বিত মার্তা, ‘এই প্রতিযোগিতায় আমরা যা করেছি, দল নিয়ে গর্বিত। এটা খুবই কঠিন টুর্নামেন্ট ছিল। প্রতি দুই দিন পরপর ম্যাচ এবং চোটও ছিল অনেক। এরপরও ফাইনালে আসার জন্য আমরা নিজেরদের ছাড়িয়ে গেছি এবং নিজেরদের সবচেয়ে বড় লক্ষ্য অর্জন করেছি, যা ছিল একটি পদক নিয়ে আসা।’ পেশাদার ফুটবলে প্রায় দুই যুগ কাটিয়ে দিয়েছেন মার্তা। হয়ে উঠেছেন মহিলা ফুটবলের ‘পোস্টার গার্ল’। খেলাটিতে নিজের অবদান মার্তা বলেছেন, ‘আমি এমন কিছু নিয়ে ২০ বছর কাটিয়েছি, যা আমি ভালোবাসি। এমন একটি খেলা খেলেছি, যেখানে মেয়েদের সব সময় দেখা যেত না। এখন আমরা বলতে পারি, সবচেয়ে বেশি যে খেলাগুলো অনুসরণ করা হয়, এটি তার একটি। কাউকে না কাউকে প্রক্রিয়াটা শুরু করতে হয়। এই জায়গায় অবদান রাখতে পারে আমি গর্বিত।’

জর্জ টেলিগ্রাফের বিরুদ্ধে হেরে গেল মোহনবাগান

দুর্দত্ত বার্তা, কল্যাণী, ১১ আগস্টঃ কল্যাণীর মাঠে অপ্রত্যাশিত দৃশ্য। মোহনবাগান সুপার জায়ন্টের রক্ষণভাগে ব্রাহ্মি এমি রব। জর্জ টেলিগ্রাফে বিরুদ্ধে রবিবার এটো উঠতে পারল না মোহনবাগান সুপার জায়ন্ট। কল্যাণীর মাঠে বাগানকে ২-১ গোলে হারাল জর্জ। কলকাতা ফুটবল লিগের ম্যাচে জয়ের স্ট্যাটিক ক করার সুযোগ ছিল মোহনবাগান সুপার জায়ন্টের সামনে। পরপর দুই ম্যাচ জিতে কর্মে থাকার ইঙ্গিত দিয়েছিল সুপার জায়ন্ট। খাতায় কলামে হোক কিংবা মাঠের পারফরম্যান্স, জর্জ টেলিগ্রাফের থেকে অনেকটাই এগিয়ে ছিল মোহনবাগান। জর্জ টেলিগ্রাফ যে বাগানকে হারিয়ে পুরো পয়েন্ট নিয়ে মাঠ ছাড়বেন সেটা অনেকেই আশা করেননি।

এদিনের ম্যাচ হেরে পয়েন্ট তালিকার প্রথম তিনে থাকার অংক আরও কঠিন করে ফেলল।



সিদ্ধান্তের বিরুদ্ধে প্রবলভাবে আপত্তি জানিয়েছিলেন জর্জ টেলিগ্রাফের ফুটবলার, স্টাফরা।


দিয়েছিলেন সেরতো। পরের অর্ধে জর্জ টেলিগ্রাফও একটি পেনাল্টি আদায় করে নেয়। বস্তুত এই পেনাল্টি বদলে দেয় ম্যাচের রঙ। পেনাল্টি পাওয়ার মিনিট পাঁচ আগে গোল করে ম্যাচে সমতা ফিরিয়েছিল জর্জ টেলিগ্রাফ। গোল করেছিলেন অমিত একা। ৫৭ মিনিটে জর্জ টেলিগ্রাফের হয়ে আরও একটি গোল করেন তিনি। মোহনবাগানের বিরুদ্ধে জর্জ টেলিগ্রাফের এই জয়ের নায়ক অমিত একা। লিগ টেবিলের এই মুহূর্তে যা অবস্থা তাতে প্রথম তিনে থাকা কঠিন হয়ে পড়েছে মোহনবাগানের পক্ষে। এই গ্রুপে ইস্টবেঙ্গল, ভবানীপুর, কাস্টমসের মতো অনেকটাই এগিয়ে সেখানে। সেক্ষেত্রে সুপার সিঙ্গে থাকতে হলে কঠিন লড়াইয়ের সামনে পড়তে হবে ডেপুটি কার্ভাজের ছেলেদের।

বিরাট কোহলির জন্যই অলিম্পিকে ক্রিকেট!

বড় তথ্য সামনে আনলেন ডিরেক্টর

লগুন, ১১ আগস্টঃ ক্রিকেট প্রেমীদের জন্য সুখবর। ভারতীয় ক্রিকেট প্রেমীদের জন্য তো অবশ্যই। তবে এই খবর যে এই মাত্র হয়েছে তা নয়। কয়েক মাস আগেই নিশ্চিত হয়ে গিয়েছে। প্যারিস অলিম্পিকের শেষ মুহূর্তে। পরবর্তী অলিম্পিকের প্রথম গোল। শুরু। পরের অলিম্পিক পাড়ি দেবে মার্কিন যুক্তরাষ্ট্রে। লস অ্যাঞ্জেলেসে হবে ২০২৮ সালের অলিম্পিক। লস অ্যাঞ্জেলেসে প্রস্তুতি শুরু হয়ে গিয়েছে। লস অ্যাঞ্জেলেস অলিম্পিকে বেশ কিছু খেলার অন্তর্ভুক্ত হয়েছে। এর মধ্যে সবচেয়ে বেশি আলোচনায় ক্রিকেট। প্যারিস অলিম্পিকের অনেক আগে থেকেই ক্রিকেটের অন্তর্ভুক্তি নিয়ে আলোচনা চলছিল। সময় কম থাকায় এ বারের অলিম্পিক তা করা যায়নি। অবশ্যে লস অ্যাঞ্জেলেসে দেখা যাবে ক্রিকেট। আর এটা সম্ভব হয়েছে

এই প্রাক্তন স্টাডারের মতে, প্রত্যেক খেলার সঙ্গে যুক্ত ক্রীড়াবিদই হোক আর ক্রীড়া অনুরাগী, সকলের কাছে বিরাট কোহলি পরিচিত নাম। গত টি-টোয়েন্টি বিশ্বকাপ যুগেই আলোচনায় দাঁড়িয়ে ছিল মার্কিন যুক্তরাষ্ট্র। গ্রুপ লিগের তিনটি ম্যাচ খেলেছে ভারত। চতুর্থ ম্যাচটি অবশ্য বৃষ্টিতে ডেডে গিয়েছিল। তবে নিউ ইয়র্কে ভারতীয় দলের তিন ম্যাচেই মাঠে ভিড় হয়েছে। বিরাট কোহলিকে নিয়ে ব্যাপক উন্মাদনা ছিল। সে কারণেই কি লস অ্যাঞ্জেলেস অলিম্পিকেই ক্রিকেট? ক্যামপ্রিয়ানির কথায়, ‘বিশ্বের দ্বিতীয় জনপ্রিয় খেলা ক্রিকেট। সারা বিশ্বে প্রায় ২.৫ বিলিয়ন সমর্থক রয়েছে। অনেকেই হয়তো ভাবছেন লস অ্যাঞ্জেলেস গেমসেই কেন ক্রিকেট ফেরান হল? মার্কিন মুলুকে ক্রিকেটের জনপ্রিয়তা বাড়ছে।’



ভারতীয় ক্রিকেটের সুপার স্টার বিরাট কোহলির জন্য। এমন তথ্যই সামনে আনলেন অলিম্পিকের ডিরেক্টর। আর চার বছর। ২০২৮ সালের ১৪ থেকে ৬০ জুলাই লস অ্যাঞ্জেলেসে বসছে পরবর্তী অলিম্পিকের আসর। কিন্তু এতে বিরাট কোহলির ভূমিকা কোথায়? অলিম্পিকের ডিরেক্টর নিকোলা ক্যামপ্রিয়ানি বিষয়টি বিস্তারিত ভাবে তুলে ধরেন। ক্রীড়াবিশ্বে বিরাট কোহলির যে প্রভাব, সেটাই এর কারণ বাকেন ক্যামপ্রিয়ানি। ইতালির

তিনি আরও যোগ করেন, ‘আমার বন্ধুর (বিরাট কোহলি) কথাই ধরা যাক, সোশ্যাল মিডিয়ায় ফলোয়ারের দিক থেকে বিশ্বের তৃতীয় অ্যাথলিট বিরাট কোহলি। লেরন জেমস, টম ব্র্যাডি, টাইগার উডসের চেয়েও অনেক অনেক বেশি।’ এর আগে অলিম্পিকের মধ্যে ক্রিকেট হয়েছিল একবারই। ১৯০০ সালে প্যারিস অলিম্পিকেই ছিল ক্রিকেটের একটি ম্যাচ। গ্রেট ব্রিটেন ও ফ্রান্সের মধ্যে দু-দিনের ম্যাচ হয়েছিল।

ভিনেশকে যদি দেশের মানুষ ভুলে যান! নিজের আশঙ্কার কথা জানালেন নীরজ

প্যারিস, ১১ আগস্টঃ ভিনেশ খেগড়ের রূপার পদক পাওয়ার বিষয়টি আলোচ্যে বিচার্য। মঙ্গলবার আন্তর্জাতিক আদালত তাদের রায় জানিয়ে দেবে। প্যারিসের চার আইনজীবী ও ভারতের দুই দুঁদে আইনজীবী এই নিয়ে ভিনেশের পক্ষে সওয়াল করেছেন। রবিবার আরও তথ্য জমা দেওয়ার কথা রয়েছে তাঁদের। আদৌ কি ভিনেশ রূপার পদক পেতে পারেন? সেই নিয়েই প্রবল জল্পনা শুরু হয়েছে। আন্তর্জাতিক অলিম্পিক কমিটির প্রধান টমাস বাথ আগেই জানিয়ে দিয়েছিলেন, ‘একই ইভেন্টে দু’জনকে রূপা দেওয়া যায় না। কারণ এটি অলিম্পিক নিয়মের পরিপন্থী। তাই বিষয়টি নিয়ে কথা বলা ঠিক হবে না।’ যদিও আশা ছাড়ছেন নারাজ ভারতের আইনজীবীরা। তারা বরং বলেছেন, ভিনেশ সততার সঙ্গে নিজের পরিস্থিতি বুঝিয়েছেন। চেষ্টা করেছিলেন ১০০ কেজি ওজন কমানোর, তিনি পারেননি। কিন্তু তিনি ছলনাতুরির প্রশ্নও নেননি, তাই বিষয়টি নিয়ে ভাবা হোক।



এরমধ্যেই আবার নীরজ চোপড়া বলেছেন, ‘ভিনেশ ফোগত রূপা পেলে সবার পক্ষে ভাল। তার পক্ষে তো বটেই, কারণ এই নামী কুস্তিগির পদক না পেলে প্যারিসে তাঁর লড়াই দেশবাসী মনে রাখবে না। সেইজন্যই ভিনেশের পদক পাওয়া প্রয়োজন।’ তবে বিষয়টি যে কারও হাতে নেই, সেটিও মানছেন ভারতের সেনার ছেলে। নীরজ অবশ্য এবার জাভালিনে রূপা পেয়েছেন। নীরজ সংবাদসংস্থার প্রতিনিধিকে আরও বলেছেন, ‘ভিনেশের বিষয়টি যদি এত বড় আকার না ধারণ করত, তা হলে পদক মিস করলে কোনও ব্যাপার ছিল না। কিন্তু বিষয়টি যখন আদালতের বিচার্যধীন, সেখানে না জিতলে কেউ তাঁর কথা মনেও না রাখতে পারেন! আমি একটাই অনুরোধ করব, ভিনেশের লড়াইয়ের কথা মানুষ যেন ভুলে না যান।’

সেখুরি করেও ঠাই হয়নি দলে, দল নির্বাচন নিয়ে মুখ খুললেন সঞ্জু

নয়াদিল্লি, ১১ আগস্টঃ ভারতের উইকেটরক্ষক ব্যাটসম্যান সঞ্জু স্যামসনকে সাম্প্রতিক সময়ের সবচেয়ে ‘দুর্ভাগা’ খেলোয়াড় বলা হয়। শ্রীলঙ্কার বিরুদ্ধে একদিনের দলে জায়গা হয়নি কেরলের এই ক্রিকেটারের। এ নিয়ে অনেক ওয়ানডেতে দক্ষিণ আফ্রিকার বিপক্ষে সেখুরি করেছিলেন, তবে তিনি দলে নিজের জায়গা তৈরি করতে পারেননি। স্যামসন এবার জাতীয় দলে সুযোগ পাওয়ার ব্যাপারে খোলামেলা কথা বলেছেন। প্রতিভাবান এই উইকেটরক্ষক-ব্যাটসম্যান ঘরোয়া ক্রিকেট ও আইপিএলে নিজের পারফরম্যান্সের মাধ্যমে ক্রিকেট প্রেমীদের ধারাবাহিকভাবে মুগ্ধ করেছেন। তবে ধারাবাহিক অবদান থাকা সত্ত্বেও তাঁকে যথারীতি ধারাবাহিকভাবে সুযোগ দেওয়া হয়নি। ২০২৩ সালের



ডিসেম্বরে দক্ষিণ আফ্রিকার বিপক্ষে দুর্দান্ত সেখুরি করেও শ্রীলঙ্কা সফরের দলে রাখা হয়নি তাঁকে। সঞ্জু স্যামসং বিশ্বাস করেন যে তিনি যে সুযোগই পান না কেন, তিনি তাঁর সর্বেচ্ছ দেওয়ার চেষ্টা করেন। স্যামসনকে এক সাক্ষাৎকারে প্রশ্ন করা হয়েছিল, ‘আপনি দক্ষিণ আফ্রিকায় সেখুরি করেছিলেন, কিন্তু ওয়ানডে দল থেকে বাদ পড়েছেন। ওয়ানডে বিশ্বকাপের বছরে আপনি টি-টোয়েন্টি খেলেছেন আর টি-টোয়েন্টি বিশ্বকাপের বছরে আপনি টি-টোয়েন্টি বিশ্বকাপের বছরে আপনি টি-টোয়েন্টি খেলেছেন। এ নিয়ে সামাজিক যোগাযোগ মাধ্যমে চাছে তুমুল আলোচনা। নির্বাচন নিয়ে আপনার ভাবনা কী?’ রাজস্থান রয়্যালস অধিনায়ক দলের পারফরম্যান্সে সন্তুষ্ট প্রকাশ করেছেন এবং তাঁর ভূমিকা সম্পর্কে মতামত স্পষ্ট করেছেন। সঞ্জু স্যামসনের মতে, ‘টিম ম্যানেজমেন্ট যখন আমাকে খেলতে বলে, আমি খেলতে যাই। না হলে কিছু যায় আসে না। আমি এটা নিয়ে খুব একটা ভাবি না। দল ভাল করছে, তাই কোনো সমস্যা নেই। আমি ইতিবাচক থাকতে পছন্দ করি এবং আমি যা নিয়ন্ত্রণ করতে পারি তার দিকে মনোনিবেশ করি। নিজের অনুশীলন এবং কঠোর পরিশ্রমে সর্বাচ্চ চেষ্টা করেছি, যা আমার খেলাকে আরও ভাল করছে। আমি চাই আমার কেরিয়ার এগিয়ে যাক, খেলায় যেন আরও উন্নতি করতে পারি। আমার নিয়ন্ত্রণে যা আছে সেদিকে মনোনিবেশ করতে চাই।’

প্রকাশিত

সুচিকিৎসা

২৬ বর্ষ • নবম সংখ্যা • ১ আগস্ট ২০২৪

নানান রোগের নানা পথ্য

- ক্রমিক কিডনি ডিজিজ ও ডায়াবেটিস
- COPD-তে হাঁসপাতাল বেন দ্বিতীয় বাড়ি না হয়
- ‘অবসাদ’ - ভাস্কর্য কথার গুরু করি
- ভালভ সার্জারি
- ৪০-এর নিচে হার্ট আটক
- আলি স্টেজে আটক করুন ব্রেস্ট ক্যান্সারকে
- হাড়ের ঘাস্তা ভালো রাখতে খাদ্যতালিকা
- শরীরের রক্তের কাজ বজায় রাখতে খাদ্যতালিকা
- থাইরয়েড হরমোন সমস্যা প্রতিরোধে খাদ্যতালিকা
- হৃদকের সুস্থতায় খাদ্যতালিকা

সুচিকিৎসা এখন অনলাইনে পড়তে পাশের কোডটি স্ক্যান করুন